# ভাষাতত্ত্ব

রফিকুল ইসলাম

নওরোজ কিতাবিস্তান
বাংলাবাজার / নিউমার্কেট
ঢাকা।

## চতুর্থ অধ্যায়

### রূপতত্ত্ব
### ( Morphology )

সাংগঠনিক পদ্ধতিতে ধ্বনি বিচার বিশ্লেষণের যে পদ্ধতি অবলম্বন করা হয় একটি ভাষার ব্যাকরণ ( রূপ ও বাক্যতত্ত্ব ) বিশ্লেষণেও মূলতঃ সেই পদ্ধতিই অনুসৃত হয়ে থাকে। এ ক্ষেত্রেও কিছু কথার ( utterances ) অংশ পরীক্ষা করে, কথার যে সব টুকুরো বার বার ব্যবহৃত হচ্ছে তার তালিকা প্রস্তুত করা হয় এবং যে সব অংশ গঠন ও ভূমিকার দিক থেকে স্বগোত্র সেগুলোকে এক একটি শ্রেণীতে বিন্যস্ত করতে হয়। ব্যাকরণ বিশ্লেষণে কথার যে সব অংশ পরীক্ষা করা হয় সেগুলো ধ্বনিমূল লিখন প্রণালীতে বিধৃত ( phonemic transcription ) অর্থপূর্ণ অংশ।

ধ্বনি সংগঠনের মৌল একক ধ্বনিমূল ( phoneme ) অর্থহীন ( যদিও তা অর্থের ভিন্নতাসূচক ) কিন্তু রূপ সংগঠনের মৌল একক রূপমূল ( morpheme ) অর্থযুক্ত। রূপমূল হল ব্যাকরণ গত ভাবে প্রাসঙ্গিক ক্ষুদ্রতম একক এবং ব্যাকরণের বিভিন্ন উপাদান বা অংশ অর্থপূর্ণ। যেহেতু রূপমূল ন্যূনতম অর্থযুক্ত একক সে কারণে সেটিকে আরও ভাঙলে তার অর্থ বিকৃতি অনিবার্য হয়ে পড়ে। যেমন জল { jɔl }, কর { kɔr }, প্রভৃতি ন্যূনতম অর্থযুক্ত একক কিন্তু জলখাবার { jɔlkhabar }, করবার { kɔrbar } একটি মাত্র রূপমূল নয়। ধ্বনিমূল এবং রূপমূলের তুলনা প্রসঙ্গে ব্লক এবং ট্রেগার লিখেছেন,

**A phoneme is meaningless; But every element in the grammar of a language—a word, an ending, a sentence**

or whatever it may be – has not only a form, expressed as a particular combination of phonemes, but a meaning also.

উপরোক্ত আলোচনা থেকে স্পষ্টত: বোঝা যায় যে, ব্যাকরণগত ভাবে প্রাসঙ্গিক যে কোন অংশ কেবল মাত্র ধ্বনিমূল পরম্পরায় বিশেষ বিশেষ গঠন বা রূপ নয় ঐ বিশেষ উপাদানগুলি বিশেষ অর্থবহ। গ্লিসন রূপমূলের সংজ্ঞা নিরূপণ করেছেন নিম্নরূপে,

—the morpheme as the smallest unit which is grammatically pertinent. But it would then be necessary to define grammar as the study of morphemes and their combinations. Some morphemes can be usefully described as the smallest meaningful units in the structure of the language. By "smallest meanigful unit" we mean a unit which cannot be divided without destroying or drastically altering the meaning.

গ্লিসনের আলোচনা থেকে বোঝা যায় যে, অনেক রূপমূলকে স্বচ্ছন্দে ভাষা সংগঠনের ন্যূনতম অর্থযুক্ত একক ধরা যেতে পারে।

রূপমূল সংগঠন বিশ্লেষণে বৃত্ত বা অক্ষরের ( syllable ) সঙ্গে তুলনায় দেখা যায় যে, রূপমূল ও অক্ষর সংগঠন অভিন্ন নয়। একটি রূপমূল এক বা একাধিক অক্ষর বা অক্ষরের অংশ বিশিষ্ট হতে পারে। এক অক্ষর বিশিষ্ট রূপমূলের উদাহরণ, বক্ { bɔk }, স্ত্রী { stri }, একাধিক অক্ষর বিশিষ্ট রূপমূলের উদাহরণ, অমৃত { ɔmrito }, এখানে রূপমূলটি তিন অক্ষর বিশিষ্ট। এক অক্ষর কিন্তু একাধিক রূপমূলের উদাহরণ, যাই-{ ja } এবং { i }। রূপমূল ও অক্ষরের মধ্যে একটি মৌলিক পার্থক্য হল এই যে রূপমূলের অর্থগ্রাহ্যতা আবশ্যিক, কিন্তু অক্ষরের অর্থ থাকতেও পারে, নাও থাকতে পারে। প্রকৃতপক্ষে যে কোন অর্থযুক্ত ধ্বনিমূল বা ধ্বনিমূল সমন্বয়, অক্ষর হওয়ার যোগ্যতা নির্বিশেষে রূপমূল হতে পারে।



ধ্বনিমূলের সঙ্গে তুলনায় দেখা যায় যে, একটি রূপমূল এক বা একাধিক ধ্বনিমূল বিশিষ্ট হতে পারে। যে ক্ষেত্রে রূপমূল একটি মাত্র ধ্বনিমূল দ্বারা গঠিত সে সব ক্ষেত্রেও ধ্বনি এবং রূপমূল এক নয়। কারণ, ধ্বনিমূলটি যখন রূপমূল গঠন করে এবং সেটি অর্থবহ আর যখন সেটি অর্থশূন্য তখন কেবল ধ্বনিমূল।

একটি মাত্র ধ্বনিমূল দ্বারা একটি রূপমূল গঠনের উদাহরণ, যায় এর {-য়̮ }, এখানে /-য়/ ধ্বনিমূলটি একটি রূপমূলও বটে কারণ -য় এর অর্থদ্যোতকতা রয়েছে। কিন্তু রূপমূল { য়̮ } এবং সাধারণ ব্যবহারে ধ্বনিমূল /য়̮/ অনন্য নয়। ধ্বনিমূল /য়̮/ এমন অনেক জায়গায় ব্যবহৃত হয় যেখানে তার রূপমূল হবার যোগ্যতা নেই কারণ সেখানে তার কোন অর্থদ্যোতক ক্ষমতা নেই, যেমন ভয়, জয়, ইত্যাদির য়। যায় এর-য়, তৃতীয় পুরুষ নির্দেশক সুতরাং অর্থবহ কিন্তু ভয় এর য় এর কোন অর্থ স্বাতন্ত্র্য নেই। কখনও কখনও দুটি রূপমূলগত উপাদান একই প্রকার উচ্চারিত ও শ্রুত হয় অথচ তারা ভিন্নার্থ বোধক। এই প্রকার রূপমূল জোড়াকে সমধ্বনিজাত ( homophonus ) রূপমূল বলা হয়। যেমন { যায় } এবং { আমায় }, উভয় ক্ষেত্রেই { -য়̮ } একটি রূপমূল কিন্তু দুটি এক রূপমূল নয় কারণ দুটিরই ভিন্ন ভিন্ন অর্থ আছে। সুতরাং সমধ্বনিজাত হওয়া সত্ত্বেও অর্থের পার্থক্যের জন্যে দুটি স্বতন্ত্র রূপমূল। গ্লিসনের ভাষায় সমধ্বনিজাত রূপমূল হল,

Frequently two morphemic elements are alike in expression but different in content. Such pairs are said to be homophonous, litterally 'sounding alike'.

রূপমূলের সঙ্গে অর্থের ( meaning ) সম্পর্কে বিচার করা প্রয়োজন। রূপমূলকে ভাষা সংগঠনের ন্যূনতম অর্থযুক্ত একক হিসেবে বর্ণনার ক্ষেত্রে 'অর্থযুক্ত' বা 'অর্থ' শব্দ দুইটির যথার্থ

ব্যঞ্জনা সম্পর্কে সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। ভাষার প্রকাশ রূপের ক্ষুদ্রতম একক হল রূপমূল, যাকে ভাষার মর্মাংশের (অর্থের) কোন অংশের সঙ্গে সম্পর্কিত করা যায়। এই সম্পর্ক নির্ণয়ে সতর্কতার প্রয়োজন। এ প্রসঙ্গে গ্লিসন লিখেছেন,

> If the morpheme is to be described as the smallest meaningful unit in the structure of a language, care must be taken not to misconstrue the words 'meaningful' or 'meaning'. Meaning' is intended to represent the relationship which exists between morpheme as part of the expression system of a language and comparable units the content system of the same language. A morpheme is the smallest unit in the expression system which can be correlated directly with any part of the content system. Using the term meaning in its ordinary familiar sense without careful control will in some cases be quite misleading. In many instances however it will serve as a workable approximation, if used with caution.

এমন কতগুলো রূপমূল আছে, যা কেবল মাত্র ভাষার ব্যবহারেই বিশেষ অর্থে প্রযুক্ত হয়; কিন্তু ব্যবহারের বাইরে বিচ্ছিন্ন ভাবে তাদের বিশেষ অর্থ নেই। যেমন 'তার প্রতি আমার বিন্দুমাত্র মমতা নেই'। এই বাক্যের {প্রতি}, {র} ইত্যাদি রূপমূলগুলির ব্যাকরণগত অর্থযুক্ত সংকেত থাকলেও এদের বস্তুগত কোন অর্থ বা অবয়ব নেই। (কুকুর) বললে একটি জন্তু বোঝায় কিন্তু (প্রতি) বা (-র) ইত্যাদির ব্যাপারে সে সুবিধে নেই অথচ অর্থবোধকতার জন্য এগুলো রূপমূল হবার যোগ্য। শূন্য রূপমূলও তেমনি। শূন্য রূপমূলের (Zero morpheme) ও কোন বর্ণগত চিহ্ন নেই। যেমন 'আমি ভাত খাই' বাক্যে 'ভাত' শূন্য রূপমূল যুক্ত (ভাতকে খাই, কে উহ্য), সুতরাং শুধু বস্তুগত অর্থযুক্ত ধ্বনি সমষ্টি নয় বা ধ্বনি নয় যে কোন ধ্বনি সমষ্টি বা ধ্বনি



চিহ্নহীন অর্থযুক্ত ব্যাকরণগত সংকেত রূপমূল হতে পারে যেমন শূন্য রূপমূল ও অন্যান্য ব্যাকরণগত সংকেত। শূন্য রূপমূলকে শূন্য সপ্রতিবন্ধ বা Zero modification-ও বলা হয়ে থাকে।

## রূপমূল সনাক্তকরণ (Identification of morpheme)

রূপমূল সনাক্তকরণের পদ্ধতি ও প্রক্রিয়া বর্ণনা করতে গিয়ে বেঞ্জামিন এলসন্ এবং ভেলমা বি পিকেট তাঁদের 'Begining Morphology-Syntax' গ্রন্থে লিখেছেন,

> Since a word may be made up of several morphemes, some or all of which may never be spoken alone, we must have a procedure for indentifying these minimal parts. The procedure used is a process of SUBSTITUTION and comparing RECURRING PARTIALS. Two or more utterances partly alike but partly different are compared. The like parts, if they have similar meanings, are recurring partials & constitute a FRAME in which the unlike parts substiute for one another. If there is a difference in meaning when the unlike parts are substituted, then these parts are in CONTRAST with each other. Such comparisons and contrasts make morpheme identification possible.

পৌনঃপুনিক একরূপ কথার অংশসমূহ পাঠ প্রতিকল্প প্রথার তুলনা করে সমার্থক অংশগুলিকে মূল এবং অনুরূপ অংশগুলিকে বিকল্প ধরে, ভিন্নার্থক বিকল্পগুলিকে পরস্পর বৈপরীত্য সূচক বিবেচনা করতে হবে। এ ভাবে তুলনা এবং বৈপরীত্যের মধ্য দিয়ে রূপমূল সনাক্তকরণ সম্ভবপর।

কোন একটি ভাষার একজন ভাষাভাষীর মুখ থেকে সংগৃহীত কিছু কথা (utterances) পরীক্ষা করলে দেখা যায় যে, একই বা একই প্রকারের কথার অংশ বা টুকরো বার বার একই অর্থে ব্যবহৃত হয়।

যেমন বাংলায় হাঁ, না, মানুষ, ছেলে, মেয়ে ইত্যাদি প্রতি বারই একই অর্থে ব্যবহৃত হয়। আবার ধ্বনিরূপ সমন্বয়ের দিক থেকে প্রায় একই রকম যথা, খেলা, খেলছে, খেলেছিল, খেলাধুলা পুরুষ, পৌরুষ, কাপুরুষ ইত্যাদি ভিন্ন কিন্তু সম্পর্কিত অর্থে ব্যবহৃত হচ্ছে। এই ধরনের পৌনঃপুনিকতার ভিত্তিতে বিভিন্ন আয়তনের এক একটা সমার্থক কথাকে ব্যবচ্ছেদ করে বিশ্লেষণ করতে হবে। যে সব কথার টুকরো বা অংশ কথা বার্তায় স্বাধীন ভাবে অর্থযুক্ত হয়ে ব্যবহৃত হয় সেগুলো হল মুক্তরূপ ( free form ) আর যে সব কথার অংশ কখনও স্বাধীনভাবে অর্থযুক্ত হয়ে ব্যবহৃত হয়না সে গুলো হল বদ্ধরূপ ( bound form ), যেমন অনীল এর অ- ইত্যাদি। যে মুক্তরূপটিকে আরও ক্ষুদ্রতর মুক্তরূপে বিভক্ত করা চলে না সেটি হল ন্যূনতম মুক্তরূপ ( minimum free form ) বা শব্দ ( word )। এর থেকে বোঝা যায় প্রচলিত অর্থে শব্দ বলতে আমরা যা বুঝি তা এক বা একাধিক রূপমূল সমন্বয়ে গঠিত হতে পারে। শব্দ এবং রূপমূল অনেক ক্ষেত্রে অভিন্ন নয়।

অনেক ভাষায় কোন কোন শব্দকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে বিভক্ত করা চলে যেমন মুক্তরূপ বা মুক্তরূপ সমন্বয়ে বদ্ধরূপ। অনেক সময় অন্যূনতম মুক্তাংশ শব্দ গঠন করে। যে সব শব্দ এক বা একাধিক বদ্ধরূপ দ্বারা গঠিত সেগুলো হল জটিল ( complex ) শব্দ আর যে সব শব্দ কেবল ক্ষুদ্র ক্ষুদ্র শব্দ সহযোগে গঠিত সেগুলো যৌগিক ( compound ) শব্দ। কথার যে সব অংশকে ( মুক্তরূপ বা বদ্ধরূপ) আর অধিকতর ন্যূনতম অংশে বিভক্ত করা চলে না সেগুলোই হল রূপমূল ( morpheme )। একটি জটিল বা যৌগিক শব্দে রূপমূলগুলির, অবস্থান ক্রমকে রূপমূল গঠন ( morphological construction ) বলা যায়। ইউজিন এ নাইডার ভাষায়,

> Morphology is the study of morphemes & their arrangements in the forming words. Morphemes are the meaningful units which may constitute words or parts of word.



## রূপমূল নিরূপণ

ইউজিন এ নাইডা রূপমূল নির্ধারণের যে ছয়টি মাপকাঠি নির্দেশ করেছেন তার প্রধান কয়েকটি হল,

১। কথার যে সব অংশ বা টুকরো সর্ব অবস্থান একই অর্থ-বৈশিষ্ট্য প্রকাশ করে এবং একই ধ্বনি দ্বারা গঠিত সেগুলো এক একটি রূপমূল। যেমন ইংরেজি, —er বিভিন্ন ক্রিয়ার সঙ্গে যুক্ত হয়, worker, dancer, runner, walker, ইত্যাদি —er রূপমূলটির ধ্বনিগত গঠন এবং অর্থ সর্বক্ষেত্রে অভিন্ন।

২। কথার যে সব অংশ একই অর্থবৈশিষ্ট্য প্রকাশ করে কিন্তু একই প্রকার ধ্বনি দ্বারা গঠিত নয় তেমন অংশকে একই রূপমূল ধরা যেতে পারে যদি ঐ সবের গঠন পার্থক্য ধ্বনিগত ভাবে ব্যাখ্যা করা যায়। যেমন ইংরেজি, intolerable এবং impersonal, এক্ষেত্রে —in এবং—im এর n এবং m এর ব্যবহার নির্ভর করে পরবর্তী ব্যঞ্জন ধ্বনির উপরে। মূর্ধন্য ধ্বনির আগে n এবং ওষ্ঠ্য ধ্বনির আগে m ব্যবহৃত হয়।

৩। কথার যে সব অংশ একই অর্থবৈশিষ্ট্য প্রকাশ করে কিন্তু একই প্রকার ধ্বনি দ্বারা গঠিত নয় এবং ঐ গঠনের ভিন্নতা ধ্বনিগত ভাবে ব্যাখ্যাও করা চলে না। এমন সব অংশকে পরিপূরক পরিবেশজাত ( complementary distribution ) কারণে একই রূপমূল ধরা যেতে পারে। যেমন ইংরেজি, roses /rozez/, boys /boyz/, lips /lips/ এর ez —z—s তিনটি একই রূপমূলের সহরূপমূল।

৪। কথার কোন কোন অংশ বাহ্যিক অবয়বগত পার্থক্য থাকা সত্ত্বেও একই রূপমূল রূপে বিবেচিত হতে পারে যদি তাদের ন্যূনতম ধ্বনি ও অর্থগত পার্থক্য একই শ্রেণীর ধ্বনি বা শূন্যধ্বনিজাত হয়। যেমন ইংরেজিতে,

foot /fut/ এবং feet /fiyt/, sheep /ʃiyp/ এক বচন এবং sheep/ ʃiyp/ বহুবচন।

প্রথমটির পার্থক্য হল /u/ এবং /iy/ এর মধ্যে আর বহুবচন জ্ঞাপক -s /oz/ এর অনুপস্থিতি বা শূন্য সপ্রতিবন্ধ। দ্বিতীয়টির পার্থক্য হল বহুবচন চিহ্ন -s /ɔz/ এর অনুপস্থিতি বা শূন্য সপ্রতিবন্ধ।

বলা যায় feet তিনটি রূপমূল সমন্বিত, ১। stem ২। u-iy ৩। শূন্য।

৫। ভিন্নার্থবোধক সমধ্বনিরূপমূলকে (homophonous) নিম্নোক্ত বৈশিষ্ট্যের ভিত্তিতে এক বা ভিন্ন রূপমূল ধরা যায়।

(ক) সমধ্বনিরূপমূল ভিন্ন ভিন্ন অর্থ প্রকাশ করলে সেগুলো ভিন্ন ভিন্ন রূপমূল।

(খ) সমার্থবোধক ভিন্ন ভিন্ন সমধ্বনিরূপমূল একই রূপমূল হতে পারে যদি তাদের অর্থবৈশিষ্ট্য সমূহ অবস্থানগত পার্থক্যের সঙ্গে সমান্তরাল হয়। আর যদি তাদের অর্থ বৈশিষ্ট্য অবস্থানগত পার্থক্যের সঙ্গে সমান্তরাল না হয় তাহলে তারা ভিন্ন ভিন্ন রূপমূল।

৬। নিম্নোক্ত পরিবেশে ব্যবহৃত হলে একটি রূপমূলকে স্বতন্ত্র রূপে গণ্য করা যায়।

(ক) স্বতন্ত্র ভাবে ব্যবহৃত হলে।

(খ) বিভিন্ন সমন্বয়ে ব্যবহৃত হলেও অন্তত: একটি সমন্বয়ে তা স্বতন্ত্রভাবে ব্যবহৃত হলে।

(গ) এরক সমন্বিত, যার সঙ্গে সমন্বয় হয় সেটি স্বতন্ত্র ভাবে ব্যবহৃত হলে।

## রূপমূল শ্রেণী বিন্যাস (Classification of morphemes)

একটি ভাষার জটিল শব্দের রূপতাত্ত্বিক গঠনকে তাদের ব্যাকরণগত ভূমিকা অনুযায়ী দুই ভাগে ভাগ করা যায়,



সাধিত (derivational) এবং সম্প্রসারিত (inflectional)।

একটি জটিল শব্দ যদি ব্যাকরণগতভাবে কোন এক রূপমূল বিশিষ্ট সরল শব্দের সমকক্ষ হয় অর্থাৎ যদি বাক্যাংশে (phrases) এবং অন্যান্য রূপতাত্ত্বিক গঠনে একটি জটিল শব্দ সরল শব্দের সম ভূমিকা পালন করে তাহলে বলা চলে যে, এই জটিল শব্দটি কোন অন্তর্লীন শব্দ বা রূপমূল থেকে ব্যুৎপন্ন বা সাধিত।

আর যদি একটি জটিল শব্দ তার সমস্ত অবস্থানে ব্যাকরণগত ভাবে কোন সরল শব্দের সমকক্ষ না হয় তা হলে বলা যায় যে, জটিল শব্দটি সম্প্রসারিত। (সাধিত derivational এবং সম্প্রসারিত inflectional এর উপরোক্ত ব্যাখ্যা কেবলমাত্র বর্ণনামূলক ভাষাতত্ত্বের জন্যেই প্রাসঙ্গিক।)

জটিল শব্দের রূপমূলগুলিকে কয়েকটি শ্রেণীতে বিন্যস্ত করা যায় প্রথমশ্রেণী—সাধিত ও সম্প্রসারিত গঠনে ব্যবহৃত রূপমূলগুলির অধিকাংশ। ইংরেজি ভাষায় সাধারণত: এইগুলি মুক্তরূপমূল (free morpheme) আর ল্যাটিন ভাষায় বদ্ধরূপমূল (bound morpheme)।

দ্বিতীয় শ্রেণী—যে সমস্ত রূপমূল সাধিত শব্দ গঠনে প্রথম শ্রেণীর রূপমূলগুলির অনুসঙ্গ। এগুলি সর্বদাই বদ্ধরূপমূল। যেমন manly এর—ly বা goodness এর—ness ইত্যাদি।

তৃতীয় শ্রেণী—যে সব রূপমূল সম্প্রসারিত শব্দ গঠনে প্রথম শ্রেণীর অনুসঙ্গ। এই গুলিও সর্বদাই বদ্ধরূপমূল। যেমন played এর-ed, playing এর-ing ইত্যাদি।

প্রথম শ্রেণীর রূপমূলগুলিকে কেন্দ্র (base) ধরে সংলগ্ন অন্যান্য রূপমূলসমূহকে প্রত্যয় ধরা যায়। প্রথম শ্রেণীর রূপমূলের সংখ্যা অন্য দুই শ্রেণী অপেক্ষা অনেক বেশী।

কিছু শব্দ ও তাদের অভিন্ন কেন্দ্র ও প্রত্যয়গুলিকে প্রকরণ (paradigm) বলা যায়।

প্রকরণকে আবার সাধিত প্রকরণ (derivational paradigms) এবং সম্প্রসারিত প্রকরণ (inflectional paradigms) এই দুই ভাগে ভাগ করা যায়। সাধিত প্রকরণ দ্বিতীয় শ্রেণীর প্রত্যয় সম্বলিত এবং সম্প্রসারিত প্রকরণ তৃতীয় শ্রেণীর প্রত্যয় সম্বলিত হয়।

সাধিত প্রকরণের উদাহরণ—man, manly, mannish, manful, manhood, mankin, uman ইত্যাদি কেন্দ্র man এবং তার সাধিত প্রকরণ।

সম্প্রসারিত প্রকরণের উদাহরণ—play, plays, played, playing ইত্যাদি। এভাবে অভিন্ন কেন্দ্র ও অর্থ সম্বলিত যে কোন শব্দ, তাদের পরিবর্তিত ভিন্নতা, এমনকি ভিন্ন কেন্দ্র সম্বলিত সমার্থক শব্দাবলীও অধিকতর সম্প্রসারিত প্রকরণের অন্তর্ভুক্ত হতে পারে।

বিভিন্ন প্রকার রূপমূল শ্রেণী হল—ধাতু (root) এবং প্রত্যয় (affix), প্রত্যয় তিন প্রকারের, আদ্য প্রত্যয় (prefix) মধ্য প্রত্যয় (infix), অন্ত্য প্রত্যয় (suffix),। ধাতুর সঙ্গে সরাসরি প্রত্যয় যোগ করা চলে, ধাতু এক বা একাধিক রূপমূলের সঙ্গেও যুক্ত হতে পারে তখন তাকে মূল (stem) বলা হয়। একটি মূল এমন একটি রূপমূল বা তার সমন্বয় যার সঙ্গে প্রত্যয় যুক্ত হতে পারে। দুই বা ততোধিক ধাতু সম্বলিত মূল হল যৌগিক মূল (compound stem)। যে সব প্রত্যয় মূলতঃ মূল গঠনেই ব্যবহৃত হয় সেগুলো মূল গঠনকারী প্রত্যয় (stem formation)। কেন্দ্র (base), ধাতু (root) এবং মূল (stem) তিনটির নিম্নোক্ত গঠন বৈশিষ্ট্য সম্পর্কে স্পষ্ট ধারণা রূপতাত্ত্বিক বিশ্লেষণের জন্য প্রয়োজনীয়।

১। একাধিক রূপমূল যুক্ত জটিল শব্দ, সাধিত ও সম্প্রসারিত গঠনে ব্যবহৃত রূপমূলকে কেন্দ্র (base) ধরে অন্যান্য রূপমূল সমূহকে প্রত্যয় ধরা হয়।



২। ধাতু (root) এমন এক শ্রেণীর রূপমূল যার সঙ্গে সরাসরি প্রত্যয় যোগ করা চলে। ধাতু যখন কেন্দ্র গঠন করে তখন তা ধাতু কেন্দ্র (roor base) এবং ধাতু সম্প্রসারিত হলে তাকে ধাতু সম্প্রসারণ (root inflection) বলা যায়।

৩। ধাতু এক বা একাধিক রূপমূলের সঙ্গে যুক্ত হয়ে মূল (stem) গঠন করে। ক্রিয়া মূল, শব্দ মূল এবং পদমূল এই তিন প্রকারের কেন্দ্র মূল বা stem base হতে পারে।

বিভিন্ন প্রকারের রূপমূলের পরিচয় দিতে গিয়ে বেঞ্জামিন এল্‌সন্ এবং ভেলমা বি পিকেট লিখেছেন,

> Morphemes which may occur allone are **Free Forms**; morphemes which may not occur alone are **Bound Forms**. The morphemes which may occur alone are, in addition to being free forms, **Roots**, and the bound morphemes which occur immediately preceding the roots are **Prefixes**..often roots must occur with other morphemese and, hence, are also bound forms. In addition to roots and prefixes there are other types of morphemes. **Suffixes** are bound morphemes which occur following roots. **Infixes** are bound morphemes occur inside the root itself.
>
> The bound forms, except roots, taken together may be termed **Affixes**. Affixes may be distinguished from roots in that
>
> (1) roots generally carry the 'main part' of the form, while affixes tend to modify this main meaning in some way;
>
> (2) there are usualy large numbers of roots substitutable for each other in the same position, while the number of affixes is usually relatively limited; and
>
> (3) often affixes are smller than roots.

উপরোক্ত আলোচনা থেকে বোঝা যায় যে, আদ্য, মধ্য ও অন্ত্য প্রত্যয় হ'ল বদ্ধ রূপমূল এবং ধাতু মুক্ত ও বদ্ধ উভয় প্রকার রূপমূলই হ'তে পারে।

## রূপমূল ও সহরূপমূল ( Morpheme & Allomorph )

কতগুলো রূপমূলের গঠন সর্বদাই এক প্রকার যেমন ইংরেজী, coming, walking-এর /iŋ/. আবার কোন কোন ক্ষেত্রে রূপমূলের গঠন ভিন্ন হতে পারে, যেমন ইংরেজী বহুবচনের—s, boys / boyz / এ—z, cats / kæts / এ—s, এবং roses / rowziz / এ—iz,

s, z, iz ভিন্ন গঠনের হলেও তারা একই অর্থের প্রকাশ করে। এহেন পরিস্থিতি ব্যাখ্যার জন্যই রূপমূল ও সহরূপমূলের পৃথক অস্তিত্ব স্বীকার্য। সহরূপমূল হল রূপমূলেরই বৈচিত্র, যার অবস্থান পরিবেশগত কারণে ভিন্ন। রূপমূল হল এক বা একাধিক সহরূপ মূলের সমষ্টি যার অর্থ ও অবস্থান নির্দিষ্ট। গ্লিসনের ভাষায়,

> An allomorph is a variant of a morpheme which occur in certain difinable environments. A morpheme is a group of one or more allomorph which conform to certain usually rather, clearly definable, criteria of distribution and meaning.

সহরূপমূল হল ব্যাখ্যাযোগ্য পরিবেশে সংগঠিত রূপমূলের বিকল্প পাঠান্তর আর রূপমূল হল স্পষ্ট ব্যাখ্যাযোগ্য বিন্যাস বৈশিষ্ট্য ও অর্থ সম্বলিত সহরূপমূলক সমষ্টি।

যেমন, ( রা-গুলি-দের-জন-সমূহ ), এই সবগুলোই একটি মাত্র রূপমূলের সহরূপ, এদের অর্থ অভিন্ন এবং প্রতিটির বিন্যাস ও অবস্থান বৈশিষ্ট্য নির্দিষ্ট বর্ণনাযোগ্য।

সহরূপমূলকে রূপমূলের পরিবেশগত ভিন্ন বা বিকল্প রূপ বলা যেতে পারে। অর্থাৎ একটি সহরূপমূল পরিবেশগত বৈচিত্র্যের



কারণে হতে পারে যে পরিবেশ ব্যাখ্যাযোগ্য। সুতরাং একটি রূপমূল হল এক বা একাধিক সহরূপমূলের সমষ্টি যার প্রত্যেকটির ব্যাখ্যাযুক্ত অবস্থান ও তাৎপর্য রয়েছে। যেমন—পূর্বোল্লিখিত উদাহরণের / -z /, / -s / এবং / -iz / একই রূপমূলের সহরূপমূল, কারণ তারা অবস্থানভেদে ভিন্নরূপ হলেও একই অর্থ বা তাৎপর্যপূর্ণ। সহরূপমূল ধ্বনিতাত্ত্বিক শর্তসাপেক্ষ ( phonologically conditioned ) বা রূপতাত্ত্বিক শর্তসাপেক্ষ ( morphologically conditioned ) দ্বিবিধ কারণেই হতে পারে।

যেমন বহুবচন জ্ঞাপক রূপমূলের তিনটি সহরূপমূল / -z /, / -s / এবং / iz / ধ্বনিগত কারণে হয়ে থাকে। / z / কেবলমাত্র ঘোষ-ধ্বনির পরে, / -s / কেবলমাত্র অঘোষধ্বনির পরে এবং / -iz / কেবল-মাত্র ঘৃষ্টধ্বনির পরে হয়ে থাকে। সুতরাং আমরা বলতে পারি ঐ সহরূপমূলগুলির ভিন্ন ভিন্ন রূপ ধ্বনিগত কারণে হয়েছে। আবার রূপগত কারণেও সহরূপ সৃষ্টি হতে পারে। যেমন—Box, fox, ax রূপগুলির সঙ্গে বহুবচন জ্ঞাপক রূপ-es যুক্ত হয়, কিন্তু ox-এর সঙ্গে যুক্ত হয় -en ফলে Boxes, foxes, axes কিন্তু oxen, এই -en ব্যবহার ধ্বনিগত কারণে নয়—বরং রূপগত কারণে হয়েছে।

ধ্বনিতত্ত্বে যেমন পরিপূরক পরিবেশগত অবস্থান ( complementary distribution ) সম্ভব রূপতত্ত্বেও তেমনি। রূপতত্ত্বে পরিপূরক পরিবেশগত অবস্থান হল এই, দুটি রূপকে একই রূপমূল ধরা যেতে পারে; যদি ১। তাদের অভিন্ন অর্থগত তাৎপর্য থাকে এবং ২। যদি তারা পরিপূরক অবস্থানজাত হয়, যেমন—বাংলা / ja- / কেবলমাত্র বর্তমান ও ভবিষ্যতকালে ব্যবহৃত হয়। আর / gi / কেবল-মাত্র অতীতকালে হয়। যথা—যাই, যাও, যাব, যাবে কিন্তু গিয়ে, গিয়েছিলাম ইত্যাদি। আমরা ঐ দুইটিকেই রূপমূলের সহরূপ ধরে নিতে পারি, দুটির অর্থগত তাৎপর্য এক এবং তারা পরিপূরক

অবস্থানজাত। /যা-/ অতীতকালে ব্যবহৃত হয়না /গি-/ বর্তমান বা ভবিষ্যৎ কালে ব্যবহৃত হয়না। ইংরেজিতে /go/এবং/went/ একই রূপমুলের সহরূপ মূল। go বর্তমান ও ভবিষ্যৎ কালে আর went অতীত কালে ব্যবহৃত হয়। go যে পরিবেশে যে অবস্থানে ব্যবহৃত হয় went সে পরিবেশে, সে অবস্থানে হয় না সুতরাং তাদের পরিপূরক পরিবেশজাত অবস্থান রয়েছে।

## আধুনিক কথ্য বাংলার রূপতত্ত্ব

### Standard Colloquial Bengali Morphology

সাংগঠনিক পদ্ধতিতে কথ্য বাংলার রূপতাত্ত্বিক সংগঠন বিশ্লেষণে আমরা ভাষাতাত্ত্বিক চালর্স ফাগুর্সন অনুসরণে কথ্য বাংলার রূপতত্ত্বের পরিচয় দেব। এ প্রসঙ্গে আমরা বাংলা শব্দ, 'ক্রিয়া, সংখ্যাবাচক রূপমূল, বিশেষ্য. বিশেষণ, সর্বনাম, অব্যয় ও সহযোগী শব্দ সংগঠন বিশ্লেষণ করব।

কথ্য বাংলার শব্দ সংগঠন বিশ্লেষণ করলে ছয় শ্রেণীর রূপমূল নিরূপণ করা চলে।

১। শব্দের কেন্দ্রীয় অংশ (nuclei) এবং মূল (stem) গঠনকারী রূপমূল সমূহ। এই মূল এর গঠন বিন্যাস হল স্বর ব্যঞ্জন স্বর (CVC), স্বর ব্যঞ্জন (VC) এবং ব্যঞ্জন স্বর (CV) অন্যান্য দৈর্ঘের মূলও গঠিত হয়।

২। 'মূল' পূর্ববর্তী রূপমূল বা আদ্য প্রত্যয় (prefix), আদ্য প্রত্যয় সাধারণতঃ মূলের অর্থকে সংশোধিত কিংবা নির্দিষ্ট করে থাকে।

৩। শব্দ মধ্যবর্তী বিশেষ কয়েকটি মূলের সঙ্গে ব্যবহৃত কিছু রূপমূল বা বিস্তার (expansion)। এই রূপমূলগুলি সংখ্যা শব্দের আগে, পরে বা মধ্যে ব্যবহৃত হয়। এই রূপমূল





কেন্দ্রমূলের পরে বসলে তাকে প্রসার (extension) বলা হয়।

৪। চতুর্থ শ্রেণীর রূপমূল হল সাধিত আন্ত্যপ্রত্যয় (derivational suffix)।

৫। পঞ্চম প্রকার রূপমূল, সম্প্রসারিত অন্ত্যপ্রত্যয় (inflectional suffix), শব্দে এই প্রত্যয় পূর্ববর্ণিত চারশ্রেণীর রূপমূলকে অনুসরণ করে।

৬। অপরাপর কিছু রূপমূল, যেমন শব্দের অন্ত্য অবস্থানে ব্যবহৃত নিশ্চয়তাসূচক ই (-i) (-o) প্রত্যয়।

বাংলা শব্দের সংগঠনকে তিন শ্রেণীতে বিন্যস্ত করা যায়।

১। সম্প্রসারিত প্রত্যয়ান্ত অর্থাৎ—am,—ig̃—i,—o,—e, ক্রিয়াবিভক্তি সম্বলিত শব্দ বা ক্রিয়াশব্দ।

২। নির্দিষ্টতাসূচক সম্প্রসারিত প্রত্যয়ান্ত অর্থাৎ—ṭa,—ṭi,—khana,—khani,—gacha,—gachi অথবা—(e)r,—ke,—(t)e কারকবিভক্তি সম্বলিত শব্দ বা বিশেষ্য শব্দ।

৩। অন্যান্য সমস্ত শব্দ।

ক্রিয়াবাচক অত্যপ্রত্যয়ের সঙ্গে অন্যান্য ক্ষেত্রে ব্যবহৃত মূল অর্থাত মুক্তরূপ (free form) হিসেবে ব্যবহৃত তুচ্ছ অনুজ্ঞা (inferior imperative) সূচক রূপমূল সমূহও ক্রিয়াশ্রেণীর অন্তর্ভুক্ত।

বাক্যরীতিতে বিশেষ্যের অনুরূপ অবস্থানে ব্যবহৃত শব্দ অর্থাৎ কারকবিভক্তির সঙ্গে ব্যবহৃত বিশেষ্যমূল (noun stem) সমূহও বিশেষ্যশ্রেণীর অন্তর্ভুক্ত। অনুরূপ মুক্তরূপ (free form) মূলকেই কর্তা (nominative) বলা হয়। যে সমস্ত শব্দ বিশেষ্যের পূর্বে বসে কিন্তু বিশেষ্যের সঙ্গে এক শব্দ গঠন করেনা সেই বিশেষণও বিশেষ্যের অন্তর্ভুক্ত।

অন্যান্য শব্দ হল কারক বিভক্তিহীন শব্দ বা অব্যয় (particles)

প্রসার (expansion) বা বিস্তার (extension) সম্বলিত প্রসারক।

সাধিত অন্ত্যপ্রত্যয় সম্বলিত (derivational suffix) শব্দ, সাধিত শব্দ আর অন্যান্য শব্দ প্রাথমিক (primary) শব্দ রূপে বিবেচ্য।

বিশেষ্যের পূর্বে ব্যবহৃত নির্দিষ্টতাসূচক শব্দ হল সংখ্যা (number)। বিশেষ্যের সঙ্গে ব্যবহৃত একাধিক সংখ্যা নির্দেশক শব্দ হল সর্বনাম।

দুটি মূল সম্বলিত বিশেষ্য হল যৌগিক বিশেষ্য (compound noun)।

মূল, প্রসার এবং সাধিত অন্ত্যপ্রত্যয় সমূহ একাধিক শ্রেণীর শব্দে ব্যবহৃত হতে পারে।

প্রসারিত অন্ত্যপ্রত্যয় এবং বাক্যে অবস্থানের দিক থেকে পার্থক্য থাকা সত্ত্বেও বিশেষ্য এবং বিশেষণ, রূপমূল শ্রেণীর দিক থেকে প্রায় অভিন্ন সংগঠনের অন্তর্ভুক্ত।

## প্রসারক সংগঠন

প্রসারকের সংগঠন হল ব্যঞ্জন (C) অথবা স্বর ব্যঞ্জন (VC)।

প্রসারণে h এবং p ছাড়া নয়টি প্রলম্বিত (continuents) ও অঘোষ এবং m ব্যঞ্জনধ্বনিমূল ব্যবহৃত হতে পারে।

প্রসারণে ব্যবহৃত ধ্বনিমূলগুলি হল t, ṭ, c, k, l, r, ṛ, s, এবং m। p h ṇ y কখনও প্রসারণে ব্যবহৃত হয়না। ক্রিয়া প্রসারণে সর্বদা একক ব্যঞ্জন ব্যবহৃত হয়। সাধিত বিশেষ্যে a বা u + একক ব্যঞ্জন হয়।

সম্মানসূচক রূপমূল — / n ক্রিয়া এবং সর্বনামের সঙ্গে ব্যবহৃত হয়। ক্রিয়ার সম্মানসূচক রূপমূল n তৃতীয় পুরুষের বিভক্তি—e র পরে বসে ফলে সম্মানসূচক—en বিভক্তি গঠিত হয়। কেবল দ্বিতীয় ও তৃতীয় পুরুষের কোন সম্মানসূচক রূপ নেই। এই রূপমূলটি সর্বনামে মূল ap—এর সঙ্গে যুক্ত হয়ে দ্বিতীয় পুরুষের সম্মানসূচক সর্বনাম রূপটি গঠন করে। এই রূপমূলটি নির্দেশক (demonastrative) মূলের সঙ্গে ব্যবহৃত হলে, tini, ini, uui, jini, সর্বনাম রূপগুলি পাওয়া যায়।



## বাংলা শব্দের সংগঠন

সংকেত: বি—বিশেষ্য, বিন—বিশেষণ, ক্রি—ক্রিয়া, আপ্র—আদ্যপ্রত্যয়, প্রসা—প্রসার বা বিস্তার, সাপ্র—সাধিতপ্রত্যয়, সপ্র—সম্প্রসারিতপ্রত্যয় (শব্দের মধ্যে একটি বা দুইটি সম্প্রসারিত প্রত্যয় ব্যবহৃত হতে পারে, বিশেষ্যে এই প্রত্যয় দুটি ব্যবহৃত হলে প্রথমটি নির্দিষ্টতাসূচক (determinative) এবং দ্বিতীয়টি কারক বিভক্তি। আর ক্রিয়ার ক্ষেত্রে হলে প্রথমটি কালবাচক অন্ত্যপ্রত্যয় আর দ্বিতীয়টি ক্রিয়া বিভক্তি)। বন্ধনীর মধ্যেকার রূপমূলগুলি সর্বদা ব্যবহৃত নাও হতে পারে।

### বাংলা শব্দের সংগঠন

| | | | |
|---|---|---|---|
| প্রাথমিক বি | = | (আপ্র) + মূল + (প্রসা) + | (সপ্র) |
| সাধিত বি | = | (আপ্র) + মূল + (প্রসা) + সাপ্র + | (সপ্র) |
| বচন | = | মূল + প্রসা + | (সপ্র) |
| সর্বনাম | = | মূল + (— / ন) | + (সপ্র) |
| যৌগিক বি | = | মূল + মূল + | (সাপ্র) |

প্রাথমিক ক্রি = মূল + (সপ্র) + (—/ন)

সাধিত ক্রি = মূল + (প্রসা + সাপ্র) + (সাপ্র) + (—/ন)

অব্যয় = (আপ্র) + (মূল) + (স্বাপ্র)

নিশ্চয়তাসূচক অন্ত্যপ্রত্যয় i অথবা o রূপমূল যে কোন শব্দের শেষে ব্যবহৃত হতে পারে। তবে তা অব্যয়ের শেষে কচিৎ ব্যবহৃত হয়।

## ক্রিয়া

একটি ক্রিয়ারূপ একটি মূল বা মূল + এক থেকে ছয় পর্যন্ত অন্ত্য প্রত্যয় সম্বলিত হতে পারে। অন্ত্যপ্রত্যয় ক্রম হল, সাধিত অন্ত্যপ্রত্যয় বচনরূপমূল, ক্রিয়াবিভক্তি বা সম্প্রসারিত অন্ত্যপ্রত্যয়, সম্মানসূচক —— /ন অথবা তৃতীয় পুরুষ সাধারণ অনুজ্ঞার চিহ্ন ক।

### ক্রিয়ার প্রত্যয় ও বিভক্তি

১। {a} ক্রিয়ায় ব্যবহৃত সাধিত প্রত্যয়, বিভিন্ন পরিবেশে তার বিকল্পরূপ, i, u এবং o। এই রূপমূল সম্বলিত ক্রিয়াই হল সাধিত ক্রিয়া।

২। ক্রিয়ায় চারটি কালবাচক অন্ত্যপ্রত্যয় ব্যবহৃত হয়, নিত্য বৃত্ত ch, অতীত l, ভবিষ্যত b এবং অন্ত্যপ্রত্যয় t।

৩। চারটি ক্রিয়া বিভক্তি হল, প্রথম পুরুষে am, দ্বিতীয় পুরুষ তুচ্ছ is̃, দ্বিতীয় পুরুষ সাধারণ o, তৃতীয় পুরুষ সাধারণ e।



৪। ক্রিয়ায় ব্যবহৃত অপর তিনটি প্রত্যয় হল কালবোধক e, অনুজ্ঞা u এবং ভবিষ্যত অনুজ্ঞা o।

পাঁচটি বা ছয়টি অন্ত্যপ্রত্যয় সম্বলিত ক্রিয়ারূপের গঠন ক্রম নিম্নরূপ মূল + (e) + ch + l + বিভক্তি।

ক্রিয়া বিশেষ্যের গঠন ক্রম হল, মূল + —a অথবা—ba, এই ক্রিয়া কারক বিভক্তি সহ এবং বিশেষ্যের অবস্থানে ব্যবহৃত হয় বলে বিশেষ্য। এইরূপ বিশেষ্য অসম্পূর্ণ ক্রিয়া মূল ach—(হওয়া), a—(আসা), এবং ge—(যাওয়া) ছাড়া সকল ক্রিয়ামূলের সঙ্গে ব্যবহৃত হতে পারে।

### ক্রিয়া সংগঠনের রূপমূল ক্রম

১। মূল… … (দ্বিতীয় পুরুষ তুচ্ছ) বর্তমান অনুজ্ঞা
২ মূল + ক্রি বিভ … … নিত্যবৃত্ত বর্তমান
৩ মূল + ch + ক্রি বিভ… … ঘটমান বর্তমান
৪ মূল + e … … অসমাপিকা
৫ মূল + e + ch + ক্রি বিভ…… পুরাঘটিত বর্তমান
৬ মূল + l + ক্রি বিভ … … সাধারণ অতীত
৭ মূল + l + e … … ভূতার্থ অনির্দেশক
৮ মূল + ch + l + ক্রি বিভ… … ঘটমান অতীত
৯ মূল + e + ch + l + ক্রি বিভ … … পুরাঘটিত অতীত
১০ মূল + t + ক্রি বিভ … … নিত্যবৃত্ত অতীত
১১ মূল + t + e … … অনির্দেশক
১২। মূল + b + বিভক্তি … … ভবিষ্যত

১৩। মূল+u+ ~/n……সম্মানসূচক অনুজ্ঞা

১৪। মূল+u+k……তৃতীয় পুরুষ অনুজ্ঞা

১৫। মূল+o …. ভবিষ্যত অনুজ্ঞা

১৬। মূল+a } ক্রিয়া বিশেষ্য
১৭। মূল+ba }

সতেরোটি ক্রিয়া অন্ত্যপ্রত্যয়ের আটটির অন্যান্য বিকল্প রয়েছে।

ক্রিয় মূলের শেষ ব ব (CC) বা স স ব (VVC) না হলে সম্প্রসারিত অন্ত্যপ্রত্যয় {a} e এবং o ধ্বনির পূর্বে i ধ্বনিতে পরিবর্তিত হয়। অন্যান্য ক্ষেত্রে a বা u, o হয়। ক্রিয়ামূলে উচ্চস্বরধ্বনি i বা u হলেও a ঐরূপেই পরিবর্তিত হয়। যথা, harie, ghumie, achre, doure nibute, nibote, nibui, ghumono, ghumano, harabe ইত্যাদি।

সাধিত অন্ত্যপ্রত্যয়ের পর ক্রিয়া বিশেষ্য অন্ত্যপ্রত্যয় {a} এর বিকল্পরূপ হল no। অর্থাৎ একটি সম্প্রসারিত ক্রিয়ার বিশেষ্য ano অথবা uno, ono তে শেষ হয়।

যথা, harano, ghumuno, ghumano ইত্যাদি, ক্রিয়ার মূল a, e বা ɔ ধ্বনি অন্ত্য হলে মূল এবং অন্ত্য এ এর মধ্যে পিচ্ছিল o ধ্বনি যুক্ত হয়। যেমন khaoa, hɔoa, neoa· khaoano ইত্যাদি।

মূল o বা u ধ্বনি অন্ত্য হলে মূল এবং e o বা u ধ্বনির মধ্যে একটি পিচ্ছিল e ধ্বনি এসে যায়। যেমন hoee, s̆ueo ইত্যাদি।

একটি একক স্বরধ্বনির পর ঘটমান বর্তমান {ch} ধ্বনির বিকল্প হল যুক্ত cch, যেমন jacche, dicche, hocche ইত্যাদি। কিন্তু i পরে হলে boiche।



স্বধ্বনির পর en. un, uk, is̆ বিভক্তির স্বরলোপ ঘটে। অবশ্য কেবল en এবং un যুক্ত সাধিত ক্রিয়া এবং কোন কোন ক্রিয়ার স্বর পরিবর্তন নির্দিষ্ট। যথা, di/de থেকে dæn, din dik, dis̆. su/s̆o থেকে s̆on, s̆un, s̆uk, s̆us̆

ধ্বনিগত উপাদানের দিক থেকে am, is̆, i, o, e এই পাঁচটি রূপমূল বিভক্তির ভিন্ন ভিন্ন পরিবেশে পৃথক পৃথক অর্থদ্যোতকতা থাকলেও বর্ণনার জন্য চারটি রূপমূল ধরে নিলেই চলে।

প্রথম পুরুষ {am}

দ্বিতীয় পুরুষ তুচ্ছ {is̆}

দ্বিতীয় পুরুষ সাধারণ {o}

তৃতীয় পুরুষ সাধারণ {e}

উপরোক্ত বিভক্তি সমূহের বিকল্পরূপ নিম্নরূপ

| মূল বা ch এর পর | | l এর পর | t এর পর | b এর পর |
|---|---|---|---|---|
| প্রথম | i | am | am | o |
| দ্বিতীয় তুচ্ছ | is̆ | i | is̆ | |
| দ্বিতীয় সাধারণ | o | e | e | e |
| তৃতীয় সাধারণ | e | o | o | e |

কয়েকটি সকর্মক ক্রিয়া (transitive) o অথবা e ধ্বনি সম্বলিত হয়ে তৃতীয় পুরুষ সাধারণে l এর পরে বসে। যথা, anle, bokle, dekhle, dhorle, dile, ḍakle, khulle, kolle, nile, pele,

## প্রাথমিক ক্রিয়া

প্রাথমিক ক্রিয়া মূল স্বরের দুইটি বিকল্পরূপ রয়েছে, এই স্বর পরিবর্তন ধরে পাঁচ প্রকার ক্রিয়া লিপিবদ্ধ করা যায়।

প্রথম শ্রেণী—মূল স্বর a/e সহ
দ্বিতীয় শ্রেণী— ,, e/æ সহ
তৃতীয় শ্রেণী— ,, i/e সহ
চতুর্থ শ্রেণী— ,, o/ɔ সহ
পঞ্চম শ্রেণী— ,, u/o সহ

একটি প্রাথমিক ক্রি : মূল সংগঠন ( stem structure ) হল স ব স (CVC), স ব ( VC ), স ব (CV) অথবা একটি ক্ষেত্রে স ( V )।

ক্রিয়ার ব্যঞ্জন অন্ত্য (C) V C সংগঠনকে ব্যঞ্জন ক্রিয়া এবং স্বরান্ত ( CV ) V সংগঠনকে স্বরক্রিয়া বলা হয়।

প্রথম, চতুর্থ, এবং পঞ্চম শ্রেণীর অনেক স্বরক্রিয়ায় মূল এবং কোন কোন বিভক্তির মধ্যে একটি i ধ্বনি ব্যবহৃত হয়, এই i যুক্ত ক্রিয়াকে i স্বরক্রিয়া বলা হয়।

## ব্যঞ্জনান্ত ও স্বরান্ত ক্রিয়া

| ১ম ব্যঞ্জনান্ত | ২য় ব্যঞ্জনান্ত | ৩য় ব্যঞ্জনান্ত | ৪র্থ ব্যঞ্জনান্ত | ৫ম ব্যঞ্জনান্ত |
|---|---|---|---|---|
| thama | phæla | kena | bɔla | šona |
| theme | phele | kine | bole | šune |
| thamte | phelte | kinte | bolte | šunte |
| ১ম স্বরান্ত | ১ম i স্বরান্ত | ৩য় স্বরান্ত | ৪র্থ স্বরান্ত | ৪র্থ i স্বরান্ত |
| khaoa | gaoa | deoa | hɔoa | baoa |
| khee | gee | die | hoee | boee |
| khete | gaite | dite | hote | boite |



| ৫ম স্বরান্ত | ৫ম i স্বরান্ত |
|---|---|
| šoa | roa |
| šuee | ruee |
| šute | ruite |

## ক্রিয়া মূলে স্বর পরিবর্তন

১ম ব্যঞ্জনান্ত ক্রিয়ায় মূলস্বর e অথবা o ধ্বনির অব্যবহিত পূর্বে e ( অসমাপিকা এবং ভবিষ্যত অনুজ্ঞায় ) অন্য ক্ষেত্রে a হয়।

| | | |
|---|---|---|
| ami thami | themo | thame |
| še thame | ami themechi | thamle |
| ami thambo | še themechilo | thamte |
| še thamto | themona | |
| tumi thamcho | | |
| ami thamlam | | |

১ম স্বরান্ত ক্রিয়ায় মূলস্বর ১ম ব্যঞ্জনান্ত ক্রিয়ার মতো অনুরূপ পরিবেশে এবং l বা t এর পূর্বে e ( অসমাপিকা, ভূতার্থ অনির্দেশক, নিত্য এবং অনির্দেশক এ ) অন্য ক্ষেত্রে a হয়।

| | |
|---|---|
| ami khai | khee |
| še khae | kheechi |
| amra khabo | kheechilo |
| tumi kaccho | kheona |
| khaoa | še kheto |
| | ami khelam |

khele
khete

দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ অথবা পঞ্চম শ্রেণীর ব্যঞ্জনান্ত ক্রিয়ায় উচ্চস্বর e, i, o, u মূল গঠন করে। e, o বিভক্তি (অসমাপিকার (e বা ভবিষ্যত অনুজ্ঞার o নয়) এবং a, ba বিভক্তির পূর্বে ঐ ক্রিয়ার নিম্নস্বর æ e ɔ o মূল গঠন করে। অথাৎ ঐরূপ একটি ক্রিয়ার দ্বিতীয় এবং তৃতীয় বিশেষ্য এবং দ্বিতীয় পুরুষ তুচ্ছ অনুজ্ঞায় নিম্ন স্বরধ্বনি সম্বলিত মূল আর অন্যান্য ক্ষেত্রে উচ্চ স্বরধ্বনি সম্বলিত মূল থাকে।

২য় ব ami pheli, s̆e phelle, s̆e phæle, tumi phælo phele, phelte, tumi phelcho, apni phælen
phala.
phæla ইত্যাদি

৩য় ব ami kinlam, s̆e kineche, tara kene, keno
apni kinben, kinona, ami kintam, tini kenen,
amra kini, kena ইত্যাদি

৪র্থ ব amra s̆uni, ami s̆unchi, s̆e s̆one, tumi s̆ono s̆unun

apnara s̆unchilen, s̆unona, apni s̆onen, s̆ona, apnara s̆unechilen, s̆unona, s̆une, s̆unte ইত্যাদি

তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম শ্রেণীর স্বরান্ত ক্রিয়ায় নিম্নস্বর মূল গঠন করতে পারে যদি অনুরূপ ব্যঞ্জনান্ত ক্রিয়ায়ও নিম্নস্বর মূল হয়ে থাকে। তা ছাড়া { b } এর আগে নিম্ন মূল হয় ( bi ছাড়া ),



অর্থাৎ অনুরূপ একটি ক্রিয়ার দ্বিতীয়পুরুষ তুচ্ছ ছাড়া ভবিষ্যৎকালে নিম্নস্বর মূল হয়।

তৃতীয় শ্রেণীর স্বরান্ত ক্রিয়ার তৃতীয় মূলস্বর হল æ, যেটি e বিভক্তির পূর্বে বসে। তৃতীয় শ্রেণীর স্বরান্ত ক্রিয়ার চতুর্থ মূলস্বর হল a যেটি o বিভক্তির অব্যবহিত পূর্বে বসে, অর্থাৎ বর্তমানকালের দ্বিতীয়পুরুষ সাধারণে এটি বসে।

তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর স্বরান্ত ক্রিয়ার উদাহরণ,

ami dii, amra dilam, s̆e dito, deoa, deba, tui dibi, die, dite, s̆e debe, diccho, din, apni dicchen, s̆e dæe, apni dæn, tumi dao,

তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর স্বরান্ত ক্রিয়ার সংগঠনে u+n ( k ) সহ উচ্চ মূল রয়েছে।

৪র্থ স্বরান্ত, উদাহরণ,

ami hoi, amra holam, s̆e hoto, hɔoa, hɔ́ba, s̆e hɔbe, tui hobi, hoee, hote, s̆e hoe, apnihɔn, hoccho, hon, apni hoechen, tumi hɔo,

৫ম স্বরান্ত উদাহরণ,

ami s̆ui, amra s̆ulam, s̆e s̆uto, s̆oa, s̆oba, s̆e s̆obe, tui s̆ubi, s̆uee, s̆ute, s̆e s̆oe, apni s̆on, tumi s̆uccho, s̆un, apni s̆uechen, s̆oa,

একটি i স্বর ক্রিয়ার l এবং t এর পূর্বে i ধ্বনি যুক্ত হয়। ch, b, ba, এর পূর্বে ও i যুক্ত হতে পারে। অর্থাৎ অতীত, ভূতার্থ অনির্দেশক, নিত্য এবং অনির্দেশকের পূর্বে i ধ্বনি যুক্ত হয় এবং

নিত্যবৃত্তবর্তমান, ভবিষ্যৎ এবং ক্রিয়াবিশেষ্য ba এর পূর্বে i যুক্ত হতে পারে।

প্রথম, চতুর্থ ও পঞ্চম শ্রেণীর i স্বর ক্রিয়ার উদাহরণ,

১ম i স্বরান্ত, উদাহরণ,

ami gai, s̆e gae, gaoa, gaite, s̆e gailo, gaile, ami gaitam, gee, ami geechi, geona, ami gacchi অথবা ami gaichi, s̆e gaibe অথবা s̆e gabe, gaba, gaibe

৪র্থ i স্বরান্ত, উদাহরণ,

ami boi, boee, s̆e boeeche, boite, boile, s̆e boilo ami boitam, s̆e bɔe, tumi bɔo, bɔoa, ami bocchi অথবা ami boichi, bɔba অথবা boiba, s̆e bɔbe, অথবা s̆e boibe,

৫ম i স্বরান্ত, উদাহরণ

ami rui, ruee, s̆e rueeche, ruite, ruile, s̆e ruilo, ami ruitam, s̆e roe, tumi roo, roa, ami rucchi অথবা ami ruichi, roba অথবা ruiba, s̆e robe, অথবা s̆e ruibe,

## সাধিত ক্রিয়ার অন্ত্যপ্রত্যয় a এর বিকল্প

e বা o এর পূর্বে স স ব (VVC) বা স, ব ব (VCC) তে সমাপ্ত মূলে a রূপমূলের বিকল্প হল শূন্য। যথা, pöuche বা kamṛe।

e বা o এর পূর্বে অন্যান্য সমস্ত সাধিত ক্রিয়ায় {a} রূপমূলের বিকল্প হল i। যথা, janie, bujhie, ghumiona, dekhiona সাধিত ক্রিয়ার অন্য সমস্ত অন্ত্যপ্রত্যয়ের রূপ u, বা a সম্বলিত। যে



সব ক্রিয়ার মূল উচ্চস্বর i অথবা u সেগুলো সাধারণতঃ u বা o সম্বলিত অন্ত্যপ্রত্যয় যুক্ত হয় আর ক্রিয়া প্রযোজক হলে (causative) কোন কোন ক্ষেত্রে a ও হয়ে থাকে। e বা o বিভক্তির পূর্বে o যুক্ত ক্রিয়ারূপে এবং অন্যত্র u বা o হতে পারে। বাকী সব সাধিত ক্রিয়ার অন্ত্যপ্রত্যয় হল a। যে রূপের একটি আনুষঙ্গিক প্রাথমিক ক্রিয়া রয়েছে সেটি হল প্রযোজক (causative)। প্রাথমিক ক্রিয়া অকর্মক (intransitive) হলে প্রযোজক ক্রিয়া সকর্মক হয় (transitive)। যথা,

| | |
|---|---|
| khaoa | khaoano |
| dækha | dækhano |
| bojha | bojhano |
| kaṭa | kaṭano |

অন্যান্য সমস্ত সাধিত ক্রিয়া হল অপ্রযোজক (non causative), যার অনেকগুলোই রূপের দিক থেকে বিশেষ্যের সঙ্গে সম্পর্কিত।

| বিশেষ্য | অপ্রযোজক সাধিত ক্রিয়া |
|---|---|
| par | peruno |
| capoṛ | capṛano |

মূল স্বরের পরিপ্রেক্ষিতে সাধিত ক্রিয়াকে পাঁচ বা ছয়টি শ্রেণীতে বিন্যস্ত করা চলে।

| | | |
|---|---|---|
| প্রথম শ্রেণী | মূলস্বর | a সহ |
| দ্বিতীয় শ্রেণী | মূলস্বর | e/æ সহ |
| তৃতীয় শ্রেণী | মূলস্বর | i/e সহ |

| | | |
|---|---|---|
| চতুর্থ শ্রেণী | মূলস্বর | o/ɔ সহ |
| পঞ্চম শ্রেণী | মূলস্বর | u/o সহ |
| ষষ্ঠ শ্রেণী | মূলস্বর | ou, ao, iu সহ |

প্রথম ও ষষ্ঠ শ্রেণীর মূল স্বর অপরিবর্তিত থাকে। a স্বরের বিকল্প u বা o হলে উচ্চ স্বর ব্যবহৃত হয়। e বা o সহ ক্রিয়া রূপেও উচ্চ স্বর হয়। অন্যত্র নিম্ন স্বর হয়। উদাহরণ,

| | |
|---|---|
| প্রথম ব : harano, kamṛano | harie, kamṛe |
| প্রথম স : khaoano | khaie |
| দ্বিতীয় ব : dækhano | dekhie |
| তৃতীয় ব : nibuno, nibano | nibie |
| তৃতীয় স : jiuno | jeie |
| চতুর্থ ব : bɔšano, bɔdlano | bošie, bodle |
| চতুর্থ স : bɔoano | boie |
| পঞ্চম ব : bojhano, ghumano | bujhie, ghumie |
| পঞ্চম স : šoano | šuie |
| põuchano | põuche |
| ṭhaorao | thaore |


## অসম্পূর্ণ ( defective ) ক্রিয়া

চারটি অসম্পূর্ণ ক্রিয়া হল ach—,a—,ge—,ja—, ach— অতীত এবং বর্তমান কালে হয়। অতীত কালে a লুপ্ত হয় এবং l



এর পূর্বে i বসে। যথা, chilam, chili, ইত্যাদি। thaka রূপটি অবশ্য অসম্পূর্ণ নয়। পুরাঘটিত কালে ( perfect ) l এর পূর্বে a হয়। অন্যান্য রূপ হল ašа, elam, ešechi, ge—কেবল l বা e র পূর্বে হয়। ভূতার্থ অনির্দেশক gele, অসমাপিকা gie, অতীত gelam, geli, gæle, gæcho। পুরাঘটিত giechi gechiš, gæcho, gæche.

পুরাঘটিত অতীত giechilam, অনুরূপ jaoa. মধ্যম পুরুষ সাধারণ বর্তমান bɔša এবং aša, bɔšo এবং ašo হতে পারে। aša র তুচ্ছ অনুজ্ঞা হল ae। thaka র তৃতীয় পুরুষ তুচ্ছ অনুজ্ঞা হল thakuk বা thak। cai এবং nai এই দুইটি ক্রিয়ার কোন অন্ত্যপ্রত্যয় নেই।




বাংলা ক্রিয়া সংগঠন



## প্রচলিত পদ্ধতিতে বাংলা ক্রিয়া বিশ্লেষণ

বাংলা ক্রিয়ার কাল তিনটি

১। বর্তমান কাল  ২। অতীত কাল  ৩। ভবিষ্যৎ কাল

বর্তমান কালের বিভিন্ন বিভাগ :

ক) সাধারণ বর্তমান ( simple present ) ( খ ) ঘটমান বর্তমান ( present continuous ) ( গ ) পুরাঘটিত বর্তমান ( present perfect ) ( ঘ ) বর্তমান অনুজ্ঞা ( present imperative )

অতীত কালের বিভিন্ন বিভাগ :

ক ) সাধারণ অতীত ( simple past ) খ ) ঘটমান অতীত (past continuous) গ ) পুরাঘটিত অতীত ( past perfect ) ঘ ) নিত্যবৃত্ত অতীত ( past habitual or frequentative )

ভবিষ্যৎ কালের বিভিন্ন বিভাগ :

ক ) সাধারণ ভবিষ্যৎ ( simple future ) (খ) ঘটমান ( future continuous ) গ) পুরাঘটিত ভবিষ্যৎ ( future perfect )

## ক্রিয়ামূল

কথ্য বাংলায় ক্রিয়ামূলের দুইটি রূপ আছে, মুখ্য ( primary ) এবং গৌণ ( secondary ) ক্রিয়া সম্প্রসারণে ক্রিয়া মূলে স্বরধ্বনি পরিবর্তিত হয়ে থাকে, বিশেষত: যদি শেষোক্ত স্বর i বা u ধ্বনি হয়। এই স্বর পরিবর্তন নিম্নোক্ত রূপ :

| মুখ্য স্বর | | পরিবর্তিত গৌণ স্বর |
|---|---|---|
| e | > | i |
| æ | > | e |
| ɔ | > | o |

সাধারণ বর্তমান কালে ক্রিয়ায় স্বর পরিবর্তনের উদাহরণ

| পরিবর্তন | মুখ্য মূল | গৌণ মূল |
|---|---|---|
| e/i | ken | kini |
| æ/e | khæl | kheli |
| ɔ/o | bɔš̃ | boš̃i |
| o/u | oṭh | uṭhi |

সাধারণ অতীত কাল গঠন : গৌণ ক্রিয়ামূল + অতীত ( Simple past ) কালের চিহ্ন 1 + অতীত কালের পুরুষ বাচক প্রত্যয়।

ঘটমান অতীত কাল গঠন : গৌণ ক্রিয়ামূল + chi + পুরুষ ( past continuous ) বাচক প্রত্যয়।

কৃদন্ত অতীত কাল গঠন : গৌণ ক্রিয়ামূল + e প্রত্যয়। (past active participle)



বর্তমান কাল গঠন : মুখ্য ক্রিয়ামূল + বর্তমান কালের পুরুষ (simple present) বাচক প্রত্যয়।

পুরাঘটিত বর্তমান কাল গঠন : কৃদন্ত অতীত + ch + (present perfect) বর্তমান কালের পুরুষ বাচক প্রত্যয়।

অসমাপিকা গঠন : গৌণ ক্রিয়ামূল + te প্রত্যয়। (infinitive)

ভবিষ্যত কাল গঠন : গৌণ ক্রিয়ামূল + ভবিষ্যৎ চিহ্ন b + ( Simple future ) ভবিষ্যৎ কালের পুরুষ বাচক প্রত্যয়।

### ক্রিয়া সংযোজন

সমাপিকা ক্রিয়ার পুরুষ বাচক প্রত্যয়

### বর্তমান কাল

| | সাধারণ | ঘটমান | পুরাঘটিত | নিত্যবৃত্ত | অনুজ্ঞা |
|---|---|---|---|---|---|
| প্রথম পুরুষ | —i | —chi | —e chi | —e thaki | —i |
| দ্বিতীয় পুরুষ | —o | —cho | —e cho | —e thako | —o |
| দ্বিতীয় পুরুষ তুচ্ছ | -iš̃,-š̃ | —chiš̃ | —e chiṣ | —e thakiš̃ | — - |
| তৃতীয় পুরুষ | —e | —che | —e che | —e thake | -uk,k |
| দ্বিতীয় এবং তৃতীয় পুরুষ-গৌরবার্থে | en,n | —chen | —e chen | —e thaken | -un,n |

| অতীত কাল | সাধারণ | ঘটমান | পুরাঘটিত | নিত্যবৃত্ত |
|---|---|---|---|---|
| প্রথম পুরুষ | —lam | —chilam | —e chilam | —tam |
| দ্বিতীয় পুরুষ | —le | chile | —e chilo | —te |
| দ্বিতীয় পুরুষ তুচ্ছ | —li | —chili | —e chili | —tiš |
| তৃতীয় পুরুষ | —lo | —chilo | —e chilo | —to |
| দ্বিতীয় এবং তৃতীয় পুরুষ-গৌরবার্থে | —len | —chilen | —e chilen | —ten |

### ভবিষ্যতকাল

| | সাধারণ | ঘটমান | পুরাঘটিত | অনুজ্ঞা |
|---|---|---|---|---|
| প্রথম পুরুষ | —bo | —te thakbo | —e thakbo | |
| দ্বিতীয় পুরুষ | —be | —te thakbe | —e thakbe | —o |
| দ্বিতীয় পুরুষ তুচ্ছ | —bi | —te thakbi | —e thakbi | —iš |
| তৃতীয় পুরুষ | —be | —te thakbe | —e thakbe | |
| দ্বিতীয় এবং তৃতীয় পুরুষ গৌরবার্থে | —ben | —te thakben | —e thakben | —ben |

### অসমাপিকা ক্রিয়ার সাধিত প্রত্যয়

তুমর্থ অসমাপিকা ( infinitive ) —te

ক্রিয়া বিশেষ্য ( verbal noun ) —a,—ba,—no

কৃদন্ত অতীত ( ভাববাচ্য ) (past participial active)—e



কৃদন্ত অতীত ( কর্মবাচ্য ) ( past participial passive )

—a,—no

ভূতার্থ অতীত ( conditional partcipial ;—be

অসম্পূর্ণ ক্রিয়া d. oa

মূল di—,da—,dæ—de—,

### বর্তমান কাল

| | সাধারণ | ঘটমান | পুরাঘটিত | নিত্যবৃত্ত | অনুজ্ঞা |
|---|---|---|---|---|---|
| প্রথম পুরুষ | di | dicchi | diechi | die thaki | dei |
| দ্বিতীয় পুরুষ | dao | diccho | dieche | die thako | dao |
| দ্বিতীয় পুরুষ তুচ্ছ | diš | dicchiš | diechiš | die thakiš | de |
| তৃতীয় পুরুষ | dæe | dicche | dieche | die thake | dik |
| দ্বিতীয় ও তৃতীয় পুরুষ গৌরবার্থে | den | dicchen | diechen | die thaken | din |

### অতীত কাল

| | সাধারণ | ঘটমান | পুরাঘটিত | নিত্যবৃত্ত |
|---|---|---|---|---|
| প্রথম পুরুষ | dilam | dicchilam | diechilam | ditam |
| দ্বিতীয় পুরুষ | dile | dicchile | diechile | dite |
| দ্বিতীয় পুরুষ ছতু | dili | dicchili | diechili | ditiš |
| তৃতীয় পুরুষ | dilo | dicchilo | diechilo | dito |
| দ্বিতীয় ও তৃতীয় পুরুষ গৌরবার্থে | dilen | dicchilen | diechilen | diten |

## ভবিষ্যৎ কাল

| | সাধারণ | ঘটমান | পুরাঘটিত | অনুজ্ঞা |
|---|---|---|---|---|
| প্রথম পুরুষ | debo | dite thakbo | die thakbo | |
| দ্বিতীয় পুরুষ | debe | dite thakbe | die thakbe | dio |
| দ্বিতীয় পুরুষ তুচ্ছ | dibi | dite thakbi | die thakbi | dis̃ |
| তৃতীয় পুরুষ | debe | dite thakbe | die thakbe | |
| দ্বিতীয় ও তৃতীয় পুরুষ গৌরবার্থে | deben | dite thakben | die thakben | deben |

### অসমাপিকা

তুমর্থ অসমাপিকা dite
ক্রিয়া বিশেষ্য daoa, dea
কৃদন্ত অতীত ( ভাববাচ্য ) die
( active )
কৃদন্ত অতীত ( কর্মবাচ্য ) daoa, dea
( passive )
ভূতার্থ অতীত dile
( conditional )

### অসম্পূর্ণ ক্রিয়া hɔoa

সাধারণ বর্তমান দ্বিতীয় পুরুষ তুচ্ছ hɔs̃
সাধারণ ভবিষ্যৎ প্রথম পুরুষ hɔbo
ঘটমান বর্তমান—hocchi



পুরাঘটিত বর্তমান hoechi
ঘটমান অতীত hoechilam
কৃদন্ত অতীত hoe
ভবিষ্যৎ অনুজ্ঞা দ্বিতীয় পুরুষ তুচ্ছ hɔs̃
দ্বিতীয় পুরুষ গৌরব hɔben

### অসম্পূর্ণ ক্রিয়া j aoa

সাধারণ অতীত gelam, gele,geli gælo,gelen
পুরাঘটিত বর্তমান giechi, gæcho, gechis̃, gæche, gechis̃, gieche, giechen.
পুরাঘটিত অতীত giechilam
কৃদন্ত অতীত gie

### অসম্পূর্ণ as̃a

সাধারণ অতীত ɛlam, as̃lam
ভূতার্থ অতীত ele, as̃le
বর্তমান অনুজ্ঞা দ্বিতীয় পুরুষ es̃o, দ্বিতীয় পুরুষ তুচ্ছ ae

### নিজন্ত বা প্রযোজক ক্রিয়া
### Causative Verb

প্রযোজক বা নিজন্ত ক্রিয়া ব্যঞ্জনান্ত ক্রিয়ামূলের সঙ্গে a এবং স্বরান্ত ক্রিয়ামূলের সঙ্গে oa এবং পুরুষ বাচক প্রত্যয় যোগে গঠিত হয়।

নিজন্ত ক্রিয়া বিশেষ্য নিজন্ত ক্রিয়ারূপের সঙ্গে no যোগে গঠিত হয়, সম্বন্ধে ba যুক্ত হয়। উদাহরণ :

pɔṛ—pɔṛano

kha—khaoano

| ক্রিয়া বিশেষ্য | কৃদন্ত অতীত | কৃদন্ত বর্তমান | পুরাঘটিত অতীত | ভবিষ্যৎ অনুজ্ঞা |
|---|---|---|---|---|
| kɔrano | korie | koriechi | koriechilam | korio |

## প্রযোজক ক্রিয়া Kɔranoর সমাপিকা রূপ

### বর্তমান কাল

| | সাধারণ | ঘটমান | পুরাঘটিত | নিত্যবৃত্ত | অনুজ্ঞা |
|---|---|---|---|---|---|
| প্রথম পুরুষ | kɔrai | kɔracchi | koriechi | korie thaki | korai |
| দ্বিতীয় পুরুষ | kɔrao | kɔraccho | koriechi | korie thako | kɔrao |
| দ্বিতীয় পুরুষ তুচ্ছ | kɔraĩ | kɔracchiĩ | koriechiĩ | korie thakiĩ | kɔra |
| তৃতীয় পুরুষ | kɔrae | kɔracche | korieche | korie thake | kɔark |
| দ্বিতীয় ও তৃতীয় গৌরব | kɔran | kɔracchen | koriechen | korie thaken | kɔran |

### অতীত কাল

| | সাধারণ | ঘটমান | পুরাঘটিত | নিত্যবৃত্ত |
|---|---|---|---|---|
| প্রথম পুরুষ | kɔralam | kɔracchile | koriechilam | kɔratam |



| | | | | |
|---|---|---|---|---|
| দ্বিতীয় পুরুষ | kɔrale | kɔracchile | koriechile | kɔrate |
| দ্বিতীয় পুরুষ তুচ্ছ | kɔrali | kɔracchili | koriechili | kɔratiĩ |
| তৃতীয় পুরুষ | kɔralo | kɔracchilo | koriechilen | kɔraten |
| দ্বিতীয় ও তৃতীয় গৌরব | kɔralen | kɔracchilen | koriechilen | kɔraten |

### ভবিষ্যৎ কাল

| | সাধারণ | ঘটমান | নিত্যবৃত্ত |
|---|---|---|---|
| প্রথম পুরুষ | kɔrabo | kɔrate thakbo | |
| দ্বিতীয় পুরুষ | kɔrabe | kɔrate thakbe | korio |
| দ্বিতীয় পুরুষ তুচ্ছ | kɔrbi | kɔrate thakbi | kɔraĩ |
| তৃতীয় পুরুষ | kɔrabe | kɔrate thakbe | |
| দ্বিতীয় ও তৃতীয় গৌরব | kɔraben | kɔrate thakben | |

ভূতার্থ অসমাপিকার প্রযোজকরূপ গঠনে ক্রিয়ার গৌণ মূলের সঙ্গে te প্রত্যয় যোগ করতে হয়। উদাহরণ : kɔrate,

কৃদন্ত অতীতের ভাব বাচ্যের প্রযোজকরূপ গঠনে ব্যঞ্জনান্ত গৌণ ক্রিয়ামূলের সঙ্গে কৃদন্ত অতীত প্রত্যয় e যোগ করতে হয়, ব্যতিক্রম হল যেখানে মূলের স্বর a অথবা যেখানে স্বরান্ত মূল, সেখানে মুখ্য মূলের সঙ্গে প্রযোজক প্রত্যয় i এবং কৃদন্ত অতীত প্রত্যয় e যোগ করতে হয়। উদাহরণ : kena—kinie, kɔra—korie,

ভূতার্থ ও ল্যবর্থ অসমাপিকা, ক্রিয়ার মুখ্য মূলের সঙ্গে le প্রত্যয় যোগে গঠিত হয়। উদাহরণ :

ken—ami kinle

ca—ami caile

## ক্রিয়া শব্দরূপ

পূন্যশ্লোক রায়ের অনুসরণে বাংলা ক্রিয়াশব্দ রূপকে মূল (stem) এবং অন্ত্য প্রত্যয় (suffix) এই দুই ভাগে বিভক্ত করে বিশ্লেষণ করা যায়।

### ক্রিয়া মূল শ্রেণীবিন্যাস (stem classes)

উপরোক্ত পদ্ধতিতে মোট উনত্রিশটি ক্রিয়ামূল তালিকাবদ্ধ করা যায়। অর্থাৎ প্রচলিত পন্থায় শব্দ প্রকরণ ( paradigm ) গঠন করতে উনত্রিশটি প্রকরণ ( paradigm ) প্রয়োজনীয় হবে। তার মধ্যে পঁচিশটি ক্রিয়ামূল হল,

khæla, phera, deo̯a, kɔra, bɔo̯a hɔo̯a, bhola, neo̯a, dho̯a, ana, as̯a, gao̯a, cao̯a pao̯a, jao̯a, palano, deo̯ano, s̯ɔoane, neo̯ano, pao̯ano egono, eguno dou̯rano, dou̯rono, dou̯runo, বাকী চারিটি ach, ha, nei̭, bɔte।

### ক্রিয়া অন্ত্য প্রত্যয় ( verb suffixes )

ক্রিয়ায় মোট পঞ্চাশটি অন্ত্যপ্রত্যয় ব্যবহৃত হয়।

১ নং ক্রিপ্র, একাক্ষর ক্রিয়ামূলে /a/, দ্বিঅক্ষর ক্রিয়ামূলে /no/, ক্রিয়াবিশেষ্য, বাক্যাংশের শেষ শব্দ ছাড়া অন্যত্র মূলের অন্ত্য ধ্বনি রূপে /o̯/ স্থিতিশীল নয়, যথা pao̯a-pa, deo̯a-dea, hɔo̯a-hɔa,

২নং ক্রিপ্র, সমস্ত মূলের জন্য /ba/ বিলম্বিত ক্রিয়া বিশেষ্য যথা, kɔrbar jonne,

একাক্ষর ক্রিয়ামূলে

æ>e, যথা khæla ; khelba : ব্যঞ্জনধ্বনির পূর্বে e>i, যথা phera : phirba।



o̯ র পূর্বে e অপরিবর্তিত এবং o̯ লুপ্ত, যথা—deo̯a : deba।
ব্যঞ্জনধ্বনির পূর্বে ɔ>o, যথা bɔla : bolba।
o̯ র পূর্বে ɔ>o এবং অর্ধস্বর o̯>i̭, যথা hɔo̯a : hɔba।
ব্যঞ্জনধ্বনির পূর্বে o>u, যথা bhola : bhulba।
o̯ ধ্বনির পূর্বে o>u এবং o̯>i̭, যথা noo̯a : nui̭ba।
o̯ ধ্বনির পূর্বে o> অপরিবর্তিত এবং o̯ লুপ্ত, যথা dhoo̯a: dhoba।
ব্যঞ্জনধ্বনির পূর্বে a অপরিবর্তিত যথা ana : anba।
o̯ ধ্বনির পূর্বে a অপরিবর্তিত এবং o̯>i̭, যথা cao̯a : cai̭ba।
o̯ ধ্বনির পূর্বে a অপরিবর্তিত এবং o̯ লুপ্ত, যথা pao̯a : paba।
দ্বি অক্ষর ক্রিয়ামূলে কোন পরিবর্তন হয় না যথা palano : palaba।
৩নং ক্রিপ্র. te অসম্পূর্ণ ও বিলম্বিত, যথা dekhte, bolte।
একাক্ষর ক্রিয়ামূলে.
æ>e, যথা khæla : khelte।
ব্যঞ্জন ধ্বনির পূর্বে e>i, যথা phera : phirte।
ব্যঞ্জন ধ্বনির পূর্বে e>i এবং o̯ লুপ্ত যথা deo̯a : dite।
ব্যঞ্জন ধ্বনির পূর্বে ɔ>o, যথা bɔla : bolte।
o̯ ধ্বনির পূর্বে ɔ>o এবং o̯>i̭, যথা s̯ɔo̯a : s̯ɔi̭te।
o̯ ধ্বনির পূর্বে ɔ>o এবং লুপ্ত, যথা hɔo̯a : hote।
ব্যঞ্জন ধ্বনির পূর্বে o>u, যথা bhola : bhulte।
o̯ ধ্বনির পূর্বে o>u এবং o̯>i̭, যথা noo̯a : nui̭te।
o̯ ধ্বনির পূর্বে o>u এবং o̯ লুপ্ত, যথা dhoo̯a : dhule।
ব্যঞ্জন ধ্বনির পূর্বে a অপরিবর্তিত, যথা ana : ante।
o̯ ধ্বনির পূর্বে a অপরিবর্তিত, এবং o̯>i̭,যথা cao̯a : cai̭te।
o̯ ধ্বনির পূর্বে a>e এবং o̯ লুপ্ত. যথা jao̯a : jete।
দ্বিঅক্ষর ক্রিয়ামূলে কোন পরিবর্তন হয়না, যথা palano : palate।
৪ নং ক্রিপ্র, le ভুতার্থ অনির্দেশক, যথা parle।
ক্রিয়ামূলের পরিবর্তন ৩নং ক্রিয়ামূলের অনুরূপ।

ব্যতিক্রম, aša, স্বাধীন বিকার aš-e, যথা asle-ele।

jaoa, বিকল্প ge এবং gele।

৫নং ক্রিপ্রত্যয় e বিকল্প e, অসমাপিকা, যথা hɔoa : hoe-hoe।

বিকল্প e অথবা শূন্য, যথা khaoa : khee-khei-khe।

বিকল্প শূন্য' যথা neoa : nie-ni (বাক্যাংশের শেষ শব্দ না হলে)

অসমাপিকার উদাহরণ. kore hoe।

একাক্ষর ক্রিয়ামূলে,

æ>e যথা khæla : khele

ব্যঞ্জন ধ্বনির পূর্বে e>i যথা ফেরা phera : phire

o ধ্বনির পূর্বে e>i এবং o লুপ্ত, যথা deoa : die।

ব্যঞ্জন ধ্বনির পূর্বে ɔ>o যথা bɔle : bole।

o ধ্বনির ɔ>o এবং o লুপ্ত, যথা šooa : šue।

ব্যঞ্জন ধ্বনির পূর্বে o>u যথা bhola : bhule।

o ধ্বনির o>u এবং o লুপ্ত যথ šooa : šue।

ব্যঞ্জন ধ্বনির পূর্বে a>e যথ ana>ene।

o ধ্বনির পূর্বে a>e এবং o লুপ্ত, যথা caoa : cee।

ব্যতিক্রম jaoa

ge+e, gie—ge, jee।

দ্বি অক্ষর ক্রিয়ামূলে

অন্ত্য অবস্থানে a, o, u>i যথা palano : palie, egono : egie, eguno : egie।

অন্ত্য অবস্থানে a, o, u কখনও কখনও লুপ্ত, যথা :

dourano : dourie বা doure।

dourono : doure বা doure।

douruno : dourie বা doure।



মধ্য অবস্থানে o লুপ্ত,

অন্ত্য অবস্থানে a, o, u>i এবং প্রথম স্বর নিম্নোক্তভাবে পরিবর্তিত।

e>i যথা deoano : diee।

ɔ>o যথা šɔoano : soee।

o>u যথা nooano : nuee।

a অপরিবর্তিত, যথা caoano : caee।

১ থেকে ৫নং ক্রিয়া অসমাপিকা রূপে চিহ্নিত।

বাংলা ক্রিয়ার কাল

১নং বর্তমান অনুজ্ঞা, সাধারণ নির্দেশ, edike ašun।

২নং ভবিষ্যৎ অনুজ্ঞা, সমাপন অন্তে নির্দেশ edike theko।

৩নং নিত্যবৃত্ত বর্তমান, অশেষ, ɔmon hɔena।

সম্প্রসারিত বর্তমান, uni boi porte bhalo bašen na।

অতীতের বর্তমানতা tini šekhan theke bari jan।

ভূতার্থ বর্তমান, ami tɔbe jai।

৪নং অনুমেয় ভবিষ্যৎ, bakšota bhari hɔbe।

ইচ্ছাময় ভবিষ্যৎ, kal ašben।

৫নং নিত্যবৃত্ত অতীত, সম্প্রসারিত o roj bikele phut bɔl khelto।

ভূতার্থ অতীত, noile niščoi aštam।

৬নং সাধারণ অতীত, uni tokkhuni bollen।

অনুমেয় অতীত, ei je bošlam।

সূচীত অতীত, omni dokkhiner haoa dilo, pata dhorlo, phul phutlo, bɔšonto eše gælo।

৭নং ঘটমান বর্তমান,

অসমাপ্ত বর্তমান, uni ghumucchen।

ভবিষ্যতের বর্তমানতা jacchi।

৮ নং ঘটমান অতীত,
অসমাপ্ত অতীত jacchilam
ভবিষ্যতের অতীতত্ব uni ɔnekkhon ghumucchilen।

৯ নং পুরাঘটিত বর্তমান
অনির্দিষ্ট অতীত tini bolechen।
অতীতের বর্তমানতা tumi gæ̃cho।

১০ নং পুরাঘটিত অতীত
সমাপ্ত অতীত amra giechilam।

## ৬ থেকে ৫০ নং ক্রিয়া সমাপিকা

৬নং ক্রিপ্র, কোন প্রত্যয় নেই, দ্বিতীয় পুরুষ তুচ্ছ, ১নং কাল (বর্তমান অনুজ্ঞা)। একাক্ষর ক্রিয়ামূলে কেবল মূলটি ব্যবহৃত হয়, যথা khæla : khæl, অন্ত্য স্বরের পূর্বে অর্ধস্বর o̯ ধ্বনি সহ একাক্ষর ক্রিয়ামূলে o̯ লুপ্ত, যথা deo̯a : de। দ্বি অক্ষর ক্রিয়ামূলেও নিছক মূলটি ব্যবহৃত হয়, যথা palano : pala।

ব্যতিক্রম,

দ্বিতীয় স্বরধ্বনি রূপে u সহ দ্বি অক্ষর ক্রিয়ামূলে,

u>o যথা doṳruno : doṳro।

৭ নং ক্রিপ্র, /o/ দ্বিতীয় পুরুষ সাধারণ, ২নং কাল (ভবিষ্যৎ অনুজ্ঞা)

ব্যতিক্রম, ag̃a এবং cɔg̃a।

বিকল্পে বর্তমান অনুজ্ঞার অর্থ প্রকাশ করে, যথা s̃ekhane eg̃o,

এক্ষেত্রে ৫নং ক্রি প্রত্যয়ের ন্যায় মূল পরিবর্তিত হয়।

৮ নং ক্রিপ্র, একাক্ষর মূলে /uk/, দ্বিঅক্ষর এবং o̯ অন্তমূলে /k/



১ নং কাল (বর্তমান অনুজ্ঞা)

একাক্ষর ক্রিয়া মূলে.

æ>e যথা khæla : kheluk।

ব্যঞ্জনধ্বনির পূর্বে e > i যথা phera : phiruk।

o̯ ধ্বনির পূর্বে e>i এবং o̯ লুপ্ত, যথা deo̯a : dik।

ব্যঞ্জন ধ্বনির পূর্বে ɔ>o যথা bɔla : boluk।

o̯ ধ্বনির পূর্বে ɔ>o এবং লুপ্ত. যথা hɔo̯a: hok।

ব্যঞ্জনধ্বনির পূর্বে o>u যথা bhola : bhuluk।

o̯ ধ্বনির পূর্বে o>u এবং o̯ লুপ্ত, যথা s̃oo̯a : s̃uk।

ব্যঞ্জন ধ্বনির পূর্ব a অপরিবর্তিত থাকে, যথা ana : anuk।

o̯ ধ্বনির পূর্বে a অপরিবর্তিত থাকে এবং o̯ লুপ্ত, যথা cao̯a : cak।

দ্বি অক্ষর মূলে কোন পরিবর্তন হয় না, যথা palano : palak।

৯ নং ক্রিপ্র, একাক্ষর মূলে /un/, দ্বিঅক্ষর এবং অর্ধস্বর o̯ অন্ত্য মূলে /n/

সম্মানসূচক প্রথম ও দ্বিতীয় পুরুষ, ১ নং কাল (বর্তমান অনুজ্ঞা)

মূলে পরিবর্তন ৮ নং ক্রিয়ামূলের মতো।

১০ নং ক্রিপ্র, ব্যঞ্জনধ্বনির পরে /i/ এবং স্বরধ্বনির পরে /i̯/

প্রথম পুরুষ, ৩নং কাল (নিত্যবৃত্ত বর্তমান),

একাক্ষর ক্রিয়ামূলে.

æ>e, যথা khæla : kheli।

ব্যঞ্জনধ্বনির পূর্বে e>i, যথা phera : phiri।

o̯ ধ্বনির পূর্বে e>i এবং o̯ লুপ্ত, যথা deo̯a : dii̯।

ব্যঞ্জন পূর্বে ɔ>o, যথা bɔla : boli।

o̯ ধ্বনির পূর্বে ɔ>o এবং o̯ লুপ্ত, যথা s̃ɔo̯a : s̃oi̯।

ব্যঞ্জনধ্বনির পূর্বে o>u যথা bhola : bhuli।

o̯ ধ্বনির পূর্বে o>u এবং o̯ লুপ্ত, যথা dhoo̯a : dhui̯।

ব্যঞ্জন ধ্বনির পূর্বে a অপরিবর্তিত, যথা ana : ani।

o̯ ধ্বনির পূর্বে a অপরিবর্তিত এবং o̯ লুপ্ত, যথা cao̯a : cai̭।

দ্বি অক্ষর ক্রিয়ামূলে কোন পরিবর্তন হয় না, যথা palano : palai̭।

১১ নং ক্রিপ্র, ব্যঞ্জধ্বনির পরে iš, স্বরধ্বনির পরে s̯.

দ্বিতীয় পুরুষ তুচ্ছ, তুই, অর্থ ১নং কাল (বর্তমান অনুজ্ঞা বা ৩ নং কাল নিত্যবৃত্ত)।

যথা jodi edik thakis̯, tɔkhon edike thakis̯।

ক্রিয়ামূলে পরিবর্তন ১০ নং ক্রিয়া প্রত্যয়ের মতো।

১২ নং ক্রিপ্র, ব্যঞ্জনধ্বনির পরে o স্বরধ্বনির পরে o̯

দ্বিতীয় পুরুষ সাধারণ, তুমি, ৩ নং কাল (নিত্যবৃত্ত বর্তমান) নিম্নোক্ত ক্ষেত্র ব্যতীত ক্রিয়ামূলে পরিবর্তন নেই।

o̯ ধ্বনির পূর্বে e>a এবং o̯ লুপ্ত, যথা deo̯a : dao̯।

o̯ ধ্বনির পূর্বে ɔ অপরিবর্তিত এবং o̯ লুপ্ত, যথা s̯ɔo̯a : s̯ɔo̯।

o̯ ধ্বনির পূর্বে o অপরিবর্তিত এবং o̯ লুপ্ত, s̯oo̯a : s̯oo̯।

o̯ ধ্বনির পূর্বে a অপরিবর্তিত এবং o̯ লুপ্ত, যথা cao̯a : cao̯।

দ্বিঅক্ষর ক্রিয়ামূলে অন্ত্য অবস্থানে u>o যথা ego̯uno : ego̯o̯।

১৩ নং ক্রিপ্র, ব্যঞ্জধ্বনির পরে e এবং স্বরধ্বনির পরে ḙ ("cai̭ শব্দে ḙ র পরিবর্তে i̭ বসে)।

তৃতীয় পুরুষ সাধারণ, সে, ৩ নং কাল (বর্তমান নিত্যবৃত্ত)।

o̯ ধ্বনির পূর্বে e>æ এবং o̯ লুপ্ত, যথা deo̯a : dæḙ।

১৪ নং ক্রিপ্র, ব্যঞ্জনধ্বনির পরে en এবং স্বরধ্বনির পরে n দ্বিতীয় ও তৃতীয় পুরুষ গৌরব, আপনি, তিনি ৩ নং কাল (বর্তমান নিত্যবৃত্ত)।





ক্রিয়া মূলের পরিবর্তন ১২ নং ক্রিয়া প্রত্যয়ের মতো।

১৫ নং ক্রিপ্র, bo, প্রথম পুরুষ, আমি, ৪ নং কাল (ভবিষ্যৎ) ক্রিয়া মূলের পরিবর্তন ২ নং ক্রিয়া প্রত্যয়ের মতো।

ব্যতিক্রম,

o̯ ধ্বনির পূর্বে e এবং o র মধ্যে স্বাধীন বিকার এবং o̯ লুপ্ত। যথা, deo̯a : debo : dobo।

১৬ নং ক্রিপ্র bi দ্বিতীয় পুরুষ তুচ্ছ, তুই, ৪ নং কাল (ভবিষ্যৎ)

ক্রিয়ামূলের পরিবর্তন ২নং ক্রিয়া প্রত্যয়ের মতো।

ব্যতিক্রম,

o̯ ধ্বনির পূর্বে e>i এবং o̯ লুপ্ত, যথা deo̯a : dibi।

১৭ নং ও ১৮ ক্রিপ্র দ্বিতীয় বা তৃতীয় পুরুষ সাধারণ, তুমি, সে

৪ নং কাল, (ভবিষ্যৎ)

ক্রিয়ামূলের পরিবর্তন ২নং ক্রি প্রত্যয়ের মতো।

১৯ নং ক্রিপ্র ben দ্বিতীয় বা তৃতীয় গৌরব, তিনি, আপনি

৪ নং কাল, (ভবিষ্যৎ)

ক্রিয়া মূলের পরিবর্তন ২নং ক্রি প্রত্যয়ের মতো।

২০ নং ক্রিপ্র tam প্রথম পুরুষ, আমি

৫ নং কাল (নিত্যবৃত্ত অতীত)

ক্রিয়ামূলের পরিবর্তন ৩নং ক্রি প্রত্যয়ের মতো।

২১ নং ক্রিপ্র tiš দ্বিতীয় পুরুষ তুচ্ছ, তুই

৫ নং কাল (নিত্যবৃত্ত অতীত)

ক্রিয়া মূলের পরিবর্তন ৩নং ক্রিয়া প্রত্যয়ের মতো।

২২ নং ক্রিপ্র te দ্বিতীয় পুরুষ সাধারণ তুমি

৫ নং কাল (নিত্যবৃত্ত অতীত)

ক্রিয়ামূলের পরিবর্তন ৩ নং ক্রিয়া প্রত্যয়ের মতো।

২৩ নং ক্রিপ্র to তৃতীয় পুরুষ সাধারণ, সে

৫ নং কাল ( নিত্যবৃত্ত অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩নং ক্রিয়া প্রত্যয়ের মতো।

২৪ নং ক্রিপ্র ten দ্বিতীয় বা তৃতীয় পুরুষ গৌরব, তিনি

৫ নং কাল ( নিত্যবৃত্ত অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩নং ক্রিয়া প্রত্যয়ের মতো।

২৫ নং ক্রিপ্র lam প্রথম পুরুষ, আমি

৬ নং কাল ( অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৪ নং ক্রিয়া প্রত্যয় অনুরূপ।

২৬ নং ক্রিপ্র li দ্বিতীয় পুরুষ তুচ্ছ, তুই

৬ নং কাল ( অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৪ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

২৭ ও ২৮ নং ক্রিপ্র le দ্বিতীয় বা তৃতীয় পুরুষ সাধারণ তুমি, সে

৬ নং কাল ( অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৪ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

২৯ নং ক্রিপ্র lo তৃতীয় পুরুষ সাধারণ, সে

৬ নং কাল ( অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৪ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

৩০ নং ক্রিপ্র len দ্বিতীয় বা তৃতায় পুরুষ গৌরব, আপনি, তিনি

৬ নং কাল ( অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৪ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

ব্যতিক্রম jao̤a ২৫ থেকে ৩০ নং ক্রিয়া প্রত্যয়ের রূপ হচ্ছে,

gelam, geli, gele, gælo, gelen,

ক্রিয়া মূল ge, কেবল ২৯ নং ক্রিয়া প্রত্যয়ের জন্যে হল gæ,



৩১ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে ch এবং স্বর পরে iechi, প্রথম, পুরুষ আমি

৭ নং কাল ( ঘটমান বর্তমান )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩ নং ক্রিয়া প্রত্যয় অনুযায়ী।

ব্যতিক্রম o̤ এর পূর্বে a অপরিবর্তিত o̤ > î

যথা caoa : caîchi, gao̤a : gaîchi

o̤ এর পূর্বে a অপরিবর্তিত এবং o̤ লুপ্ত

যথা pao̤a : pacchi, jao̤a : jacchi

৩২ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে chis̃ এবং স্বর পরে echis̃, দ্বিতীয় পুরুষ তুচ্ছ তুই।

৭ নং কাল ( ঘটমান বর্তমান )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

৩৩ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে cho এবং স্বর পরে ccho দ্বিতীয় পুরুষ সাধারণ তুমি।

৭ নং কাল ( ঘটমান )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যায়ের অনুরূপ।

৩৪ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে che, স্বর পরে cche তৃতীয় পুরুষ সাধারণ সে

৭ নং কাল (ঘটমান বর্তমান)

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

৩৫ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে, chen স্বরে পরে echen দ্বিতীয় বা তৃতীয় গৌরব পুরুষ, আপনি, তিনি,

৭ নং কাল ( ঘটমান বর্তমান )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ

৩৬নং ক্রিপ্র ব্যঞ্জন পরে chilam স্বর পরে echilam প্রথম পুরুষ আমি

৮নং কাল ( ঘটমান অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

৩৭ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে chili, স্বর পরে cchili দ্বিতীয় পুরুষ তুচ্ছ, তুই

৮ নং কাল ( ঘটমান অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

৩৮ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে chili, স্বর পরে cchile পুরুষ সাধারণ তুমি,

৮ নং কাল ( ঘটমান অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

৩৯ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে chilo, স্বর পরে cchilo তৃতীয় পুরুষ সাধারণ, সে

৮ নং কাল ( ঘটমান অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

৪০ নং ক্রিপ্র ব্যঞ্জন পরে chilen স্বর পরে cchilen দ্বিতীয় বা তৃতীয় গৌরব পুরুষ, আপনি, তিনি,

৮ নং কাল ( ঘটমান অতীত )

ক্রিয়া মূলের পরিবর্তন ৩১ নং ক্রিয়া প্রত্যয়ের অনুরূপ।

বাকি দশটি প্রত্যয়কে ৫ নং ক্রিয়া প্রত্যয় e র সঙ্গে যৌগিক ধরে নেওয়া যায়।

নিশ্চয়তাসূচক i এবং o ধ্বনির মধ্যে স্বাধীন বিকার সম্ভব,

যথা korechoi̯ বা korei̯cho

bolecheno বা boleo̯chen।

এই ব্যাখ্যা অনুযায়ী ৫ নং ক্রিয়া প্রত্যয় e পরবর্তী প্রত্যয় সমূহ ২৬ নং ক্রিয়া প্রকরণের সঙ্গে অভিন্ন।



৩ নং কালে ach>ch

৩ নং কালে বৈপরীত্য, boše̐che : bošẽ ache,

৪১ নং ক্রিপ্র echi প্রথম পুরুষ (আমি) ৯নং কাল (পুরাঘটিত বর্তমান)

৪২ নং ,, echiš দ্বিতীয় পুরুষ তুচ্ছ (তুই) ,, ,,

৪৩ নং ,, echo দ্বিতীয় পুরুষ সাধারণ (তুমি) ,, ,,

৪৪ নং ,, eche তৃতীয় পুরুষ সাধারণ (সে) ,, ,,

৪৫ নং ,, echen দ্বিতীয় বা তৃতীয় পুরুষ গৌরব ( আপনি, তিনি )

৪৬ নং ,, echilam প্রথম পুরুষ (আমি) ১০ নং কাল ( পুরাঘটিত অতীত)

৪৭ নং ,, echili দ্বিতীয় পুরুষ তুচ্ছ (তুই) ,, ,,

৪৮ নং ,, echile দ্বিতীয় পুরুষ সাধারণ (তুমি) ,, ,,

৪৯ নং ,, echilo তৃতীয় পুরুষ সাধারণ (সে) ,, ,,

৫০ নং ,, echilen দ্বিতীয় বা তৃতীয় পুরুষ গৌরব (আপনি, তিনি)

ব্যতিক্রম jao̯a ক্রিয়া মূল এর বিকল্প gi-g

৪১ নং থেকে ৫০ নং ক্রিয়া প্রত্যয়গুলি নিম্নরূপ ;

giechi, giechiš, giecho, gieche, giechen, giechilam,

৪১ নং ক্রিয়া প্রত্যয় থেকে ৫০ নং ক্রিয়া প্রত্যয়ের অনিয়মিত প্রত্যয় পরিবর্তন করা চলে এবং ৪৩ নং থেকে ৫০ নং ক্রিয়া মূলে অনিয়মিত প্রত্যয়গুলি পরিবর্তিত হয়। অপর একটি ব্যতিক্রম হল ãša।

৪১ নং থেকে ৫০ নং ক্রিয়া প্রত্যয়ে প্রত্যয় চিহ্ন লুপ্ত হয়ে যায়।

যথা ešchi : ešechi

ešchilen : ešechilen।

## বিশেষ্য রূপ

বাংলা বিশেষ্যতে রূপমূল ক্রম হল, মূল (stem), প্রসার (extension),

সাধিত অন্ত্যপ্রত্যয় সমূহ (derivational suffixes), নির্দিষ্টতা-সূচক চিহ্ন (determinative), এবং কারক বিভক্তি (case ending)।

মূল সংগঠন (stem structure) এবং সংশ্লিষ্ট রূপমূল ধরে বিচার করলে বাংলা বিশেষ্যগুলি নিম্নোক্ত দুই শ্রেণীর মধ্যে পড়ে।

১। প্রাথমিক ক্রিয়ার সমান্তরাল সংগঠনভুক্ত বিশেষ্যসমূহ, যথা স্বর ব্যঞ্জন স্বর (cvc), ব্যঞ্জন স্বর (cv) অথবা স্বর ব্যঞ্জন (vc) এবং কোন প্রসার বা সাধিত অন্ত্যপ্রত্যয় নয়। এ ছাড়াও মূল বিশেষ্য (root nouns) ও রয়েছে। কখনো কখনো একই মূল অন্ত্যক্রিয়া প্রত্যয়ের সঙ্গে প্রাথমিক ক্রিয়া মূল হিসেবে এবং কারক বিভক্তির সঙ্গে ধাতু বিশেষ্যরূপে ব্যবহৃত হয়, এ সব ক্ষেত্রে ক্রিয়া এবং বিশেষ্যর অর্থ ঘনিষ্ঠ ভাবে সম্পর্কিত থাকে। ধাতু বিশেষ্যের সংগঠন হল, ব্যঞ্জন ব্যঞ্জন স্বর প্রত্যয় (ccvc) এবং ব্যঞ্জন স্বর স্বর (cvv)।

উদাহরণ, am, bou, chat, dãt, gham (ghama ক্রিয়া), gram, hat, map (mapa ক্রিয়া) megh, pa, pet, uṭ ইত্যাদি।

২। সাধিত বিশেষ্য সমূহের মূল সংগঠন হল মূল বিশেষ্যজাত। সবচেয়ে বেশী সাধিত অন্ত্যপ্রত্যয় হল a, i, সুতরাং রূপ সমূহ হল ব্যঞ্জন স্বর ব্যঞ্জন সাধিত প্রত্যয় a (cvca), ব্যঞ্জন স্বর ব্যঞ্জন i (cvci), ব্যঞ্জন স্বর (ceav), ব্যঞ্জন স্বর+a (cv+a) ইত্যাদি। এগুলো হল সাধারণ সাধিত বিশেষ্য (Simple derived nouns)। উদাহরণ, baṛi, bhaṛa, cãda, caĝa, caĝi, (caĝ) chata, chati (chat) mama, mami, hati (hat), pata ইত্যাদি।



৩। ব্যঞ্জন স্বর ব্যঞ্জন (cvc), ব্যঞ্জন স্বর (cv) অথবা স্বর ব্যঞ্জন (vc)+প্রসার, (যার স্বর হল o অথবা a, এবং কখনো u বা i,) সংগঠন মূলক বিশেষ্য, এগুলো প্রসারিত মূল বিশেষ্য (Extended root nouns)।

উদাহরণ, dãtal (dãt), dãton (dãt), hatol (hat), peṭuk, (peṭ) ইত্যাদি।

৪। প্রসার যুক্ত বিশেষ্য, একটি একক ব্যঞ্জন অথবা স্বর ব্যঞ্জন (vc) নয়, স্বর সর্বদা a অথবা u+সাধিত অন্ত্যপ্রত্যয়। এগুলোর সংগঠন হল, ব্যঞ্জন স্বর ব্যঞ্জন ব্যঞ্জন a (cvcca), ব্যঞ্জন স্বর ব্যঞ্জন ব্যঞ্জন i (cvcci) এবং ব্যঞ্জন স্বর ব্যঞ্জন স্বর ব্যঞ্জন i (cvcvci), ইত্যাদি। এগুলো প্রসারিত সাধিত বিশেষ্য (Extended derived nouns), উদাহরণ,

baṭna, cakti, colti (cɔla) dɔmka, dhakni (dhaka) katla, meghla (megh) patla (pata) ইত্যাদি।

a এবং i প্রত্যয় ব্যাপক ভাবে ব্যবহৃত হয়, এ প্রত্যয়গুলো বিশেষ্য নির্দিষ্ট সূচক চিহ্নে এবং নেতি বাচক অব্যয়ে ব্যবহৃত হয়। প্রাণী বাচক বিশেষ্য, আত্মীয় সূচক সম্বোধনে এবং পেশাগত নামে সাধারণতঃ a পুরুষ বাচক এবং i স্ত্রী বাচক চিহ্ন রূপে ব্যবহৃত হয়। তা ছাড়া a বৃহদাকৃতির এবং i ক্ষুদ্রাকৃতির নির্দেশও করতে পারে। অনেক সময় প্রত্যয় দুটি আবার সমার্থক সূচক, সাধারণতঃ a ব্যবহৃত এবং i ব্যবহৃত হয় বিশেষ ভাবের দ্যোতক রূপে। যথা—

(caca, caci, ghoṛa, ghuṛi, chora, churi, chata chati, ækta gach, ekṭi mee, ækkhani ghɔr, apnar namṭi ইত্যাদি)।

পূর্বাক্ষরের স্বর u হলে a প্রত্যয়ের বিকল্পে o প্রত্যয় ব্যবহৃত হয়, বিকল্পে e প্রত্যয় হয়। আর যদি মূলের অন্ত্যধ্বনি a অথবা ɔ থাকে, তাহাকে e ধ্বনি অন্তর্নিহিত থাকে। যথা, gulo, guli, paea, bãea ইত্যাদি। প্রসার+a বা i যুক্ত কোন কোন গঠন বিশেষ অর্থ বহন করে, যেমন, ṭi, la, ka, ইত্যাদি।

আরও কিছু কিছু সাধিত অন্ত্যপ্রত্যয় রয়েছে, যথা ai (ক্রিয়া বিশেষণ) jacai, lɔṛai, šelai ইত্যাদি ie-gaie, khaie, tto-bondhutto, notunotto

ছয়টি নির্দিষ্টসূচক চিহ্নও রয়েছে. তার মধ্যে চারটিতে a বা i ব্যবহৃত হয়। যথা

| | একবচন | বহুবচন |
|---|---|---|
| বস্তুবাচক | khan | gul |
| | gac | |
| বস্তু ও প্রাণী বাচক | ṭ | |
| মনুষ্য বাচক | jon | ra |

ṭa এর বিকল্প হল ṭo যেমন, duṭo। নিম্নোক্ত শব্দ সমূহে ṭe ও হতে পারে, aṛaiṭe, catte, eiṭe, oiṭe, tinṭe ইত্যাদি।

নির্দিষ্ট সূচক চিহ্ন সাধারণত: বিশেষ্য এবং বচনে ব্যবহৃত হয় যথা—

ekhane duṭo ṭebil ache,
ami bɔṛokhana cai,
choṭokhanite kaj hɔbena,
phulti šundor,
chɔgach choṛi,
lokṭa bhalo,
chiṭhikhani, amake dao,



boikhana,
boigulo ইত্যাদি।

কথ্য বাংলায় তিনটি কারক বিভক্তি রয়েছে, যথা r, ke এবং e। {r} যুক্ত বিশেষ্য রূপ হল সম্বন্ধ (genetive), {ke} যুক্ত বিশেষ্যরূপ হল কর্ম (objective) এবং {e} যুক্ত বিশেষ্যরূপ গৌন কারক (oblique)। ঐ তিনটি কারক বিভক্তি ছাড়া বিশেষ্যরূপ হল কর্তা (nominative)। কারক বিভক্তির বিকল্প রূপ সমূহ হল,

r অন্ত্যস্বর সম্বলিত একাক্ষর মূলে অথবা r অথবা ব্যঞ্জন শেষে বা স্বরগুচ্ছ শেষে er।
ke সর্বদা ke।
e, a অন্ত্যস্বর সম্বলিত একাক্ষর মূলে অথবা a ধ্বনির পরে e অথবা te, অথবা একক স্বর শেষে te, অথবা স্বর ও ব্যঞ্জন গুচ্ছ শেষে e, কখনো কখনো ete, যেখানে বিশেষ্যের শেষ ধ্বনি ব্যঞ্জন এবং অর্থ 'মধ্যে' যথা—hoṭele অথবা hoṭelee।
পুণ্যশ্লোক রায় নিম্নোক্ত রূপে বাংলা বিশেষ্য শব্দের সংগঠন বিশ্লেষণ করেন।
কারক বিভক্তি,
সম্বন্ধ (genetive) r স্বরশেষে, er হয় iu ছাড়া অন্য স্বরশেষে, এবং অন্ত্য o ধ্বনি সম্বলিত মূলসহ অর্ধস্বর অথবা ব্যঞ্জন শেষে। কখনো কখনো kar অথবা ker, যেমন ramer, lohar, ajker, rojkar, ইত্যাদি। সম্প্রদান (dative) ke যথা ramke dekhun, puliške ḍako, অধিকরণ (locative) te, স্বর বা অর্ধস্বর শেষে,
ete, ব্যঞ্জন শেষে,
e̯, i, u, ছাড়া অন্যান্য স্বর শেষে,
e, অর্ধস্বর বা ব্যঞ্জন শেষে,
যথা, baghe kheeche, puliše dilo, deše geche, baṛi geche, ṭebile, briɡiṭe ইত্যাদি।

নির্দিষ্টসূচক অন্ত্য প্রত্যয়,

ṭa যথা puliṣ̌ṭake ḍako, goruṭate kheehe chɔṭa-
eṣ̌eche, chɔṭa ṭaka, jutoṭa, ɔnekṭa,
ṭo, duṭo,
ṭe, tinṭe, carṭe,
ṭi, duṭi, tinṭi, carṭi.
ṭuk, ṭukun, dudṭuku, eiṭukun,
khana, khani, ga, gachi, phala, phali,
gulo, guli ইত্যাদি।
i, u এর পরে ra, era,
der, ra+সম্বন্ধ এর বিকল্প।
মূল গঠন, মূলের একটি কি দুটি উপাদান রয়েছে,
কেন্দ্র অংশ ( neucleus ) এবং কেন্দ্রপূর্ব অংশ ( preneucleus )
যথা deš, bideš
বিশেষ্যে আদ্য প্রত্যয় ( prefixes ) দুই প্রকারের,
প্রথম প্রকারের অসংস্কৃতজ শব্দে ব্যবহৃত হয়।
a যথ abacha. agacha,
be bedɔrdi, becara, bejat.
na namonjur, napɔchondo,
ni nipat, nirog,
šɔ šɔjat,
do dotɔla,
te tetɔla,
coû courasta,
অপর প্রকারের আদ্য প্রত্যয় সংস্কৃত থেকে আগত শব্দে ব্যবহৃত হয়।
যথা,
ɔ, ɔjat
ɔn ɔniccha,
ɔnoti, ɔnatisiṭosno
šu, šubeš



বিশেষ্য প্রত্যয়গুলিকে আবার কেবল অসংস্কৃতজ শব্দে ব্যবহৃত ও অন্যান্য শব্দে ব্যবহৃত এই দুই ভাগে ভাগ করা যায়। অসংস্কৃতজ শব্দে ব্যবহৃত প্রত্যয়গুলিকে আরো দুটি উপভাগে ভাগ করা যায়, প্রথম দ্বিতীয় প্রকারের কেবল মাত্র বিশেষ্যমূলের পরে ব্যবহৃত হয়।
নিম্নোক্ত প্রত্যয় সমূহ অসংস্কৃতজ ক্রিয়া মূলের সঙ্গে ব্যবহৃত হয়।
শূন্য প্রত্যয়, cal, bhul, cɔl
ɔn, cɔlon. pɔron,
an calan, janan,
onto, cɔlonto,
ot, pɔrot,
i i, coli coli,
oo, kãdo kãdo,
u u ḍhulu ḍhulu,
যে সব প্রত্যয় অসংস্কৃতজ বিশেষ্য মূলের সঙ্গে ব্যবহৃত হয়, সেগুলোকে নিম্নোক্ত ভাবে দেখানো যায়। এখানে অন্তর্নিহিত উপাদানের অবস্থানের বিকল্প সমূহ দেখানো হয়েছে।

| অবস্থান | ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|---|
| উপাদান | i | e | m | i |
| | u | a | n | u |
| | o | | l | o |
| | | | ṛ | e |
| | | | r | a |
| | | | ṭ | |
| | | | t | |
| | | | š | |
| | | | c | |
| | | | k | |

উদাহরণ, hatol, { +o+l }, nacie {+i+e},
barioala {+o+a+l+a}, dhakna {+n+a}
lalce [+c+e]

প্রত্যয় পূর্ব কেন্দ্র পরিবর্তনের উদাহরণ,
bon—buno, tel—tili, bali—bele, mot—mute,
pich—pach, dɔra—dori, pherta—phirti,
pẽtra—pẽtri,
chæbla—chible, bacca—baccu,
bãdor, bãdramo।

যে সব প্রত্যয় অসংস্কৃত ছাড়া অন্যান্য শব্দে ব্যবহৃত হয়, তার উদাহরণ,
pɔna, ginnipɔna,
giri, goendagiri,
ta, šɔtota
tto, bondhutto,
mɔe, jɔlomɔe,
bad, marksbad ইত্যাদি।

## সংখ্যাবাচক রূপমূল

সংখ্যাবাচক চিহ্ন কারক বিভক্তি এবং নির্দিষ্ট বাচকের সঙ্গে ব্যবহৃত হয়, সে কারণে এগুলোকে বিশেষ্য সংগঠনের অন্তর্ভুক্ত করা হয়েছে। একটি সংখ্যাবাচক রূপমূল সাধারণতঃ একটি বা ছুটি বৈশিষ্ট্যসূচক ধ্বনিমূল এবং বিস্তার সহযোগে গঠিত হয়, যথা,

| অর্থ | বৈশিষ্ট্যসূচক ধ্বনিমূল | বিস্তার |
|---|---|---|
| ১ | ...k | æk, |
| | p... | proth—pɔe— |



| | | |
|---|---|---|
| ২ | d... | du, do—, di— |
| | b... | ba—, bo—, bi— |
| ৩ | t... | tin, te—, ti— tæ, tri— |
| ৪ | c... | car, cou, co— cu—, cotur— |
| ৫ | p,/n | pãc, pɔ̃c—, pɔne— pɔ̃e—, pɔ̃c—, pon— |
| ৬ | ch... | chɔ, chi—, che— cha— |
| | š | šo— ša — šɔs— |
| ৭ | š ...t | šat, šai (t)—, šɔt— šɔt—šɔpt— |
| ৮ | ...t | at, ɔšto—ɔšt — |
| ৯ | n... | nɔ, ni—, no, nɔb— |
| ১০ | (—ty)...š | dɔš, doš—, iš —uš ইত্যাদি |
| ১০ | (—teen)...o | —o, -ro, -ero, ইত্যাদি |
| —১ | un | un—, uno— |

| রূপমূল | অর্থ | সংখ্যা শব্দ | -o সহ অর্থ | —š সহ অর্থ |
|---|---|---|---|---|
| ...k | ১ | æk | ১১ ægaro | |
| d... | ২ | dui, du | | |
| b... | ২ | | ১২ baro | ২০ biš |
| t... | ৩ | tin | ১৩ tæro | ৩০ triš, tiriš |
| c— | ৪ | car | ১৪ couddo | ৪০ colliš |
| p/n | ৫ | pãc | ১৫ ponero | ৫০ pɔncaš |
| ch... | ৬ | chɔe, chɔ | ১৬ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ṣ̆ | ৬ | | ১৬ ṣ̆olo | ৬০ | ṣ̆aṭ |
| s···t | ৭ | ṣ̆at | ১৭ ṣ̆ɔtero | ৭০ | ṣ̆ottor |
| ···ṭ | ৮ | aṭ | ১৮ aṭharo | ৮০ | aṣ̆i |
| n··· | ৯ | nɔe, nɔ | | ৯০ | nobbui |
| ·ṣ̆ | ১০ | dɔṣ̆ | | | |

সংখ্যাবাচক রূপমূল যোগে বিশেষণও গঠিত হয়ে থাকে, যেমন—ui ( বিকল্প—sra এবং ṭho ) যোগে তারিখ গঠিত হয়।

| রূপমূল | সংখ্যা | তারিখ | তারিখ |
|---|---|---|---|
| p···æ | prothɔm | pɔela | ægarui |
| d···,b | ditio | dosra | barui |
| t... | tritio | tesra | tærui |
| c··· | cothurtho | couṭho | couddui |
| p···/n | pɔncom | pãcui | ponerui |
| ṣ̆...,ch... | ṣ̆ɔṣ̆ṭho | choui | ṣ̆oloi |
| ṣ̆···t | ṣ̆ɔptɔm | ṣ̆atui | ṣ̆ɔterui |
| ···ṭ | ɔṣ̆ṭɔm | aṭui | atharui |
| n··· | nɔbɔm | noui | |
| ·ṣ̆ | dɔṣ̆ɔm | doṣ̆ui | |

## সর্বনাম

কথ্য বাংলায় নয়টি সর্বনাম মূল (pronominal stems)। রয়েছে। এই নয়টি মূল সর্বনাম ছাড়া অন্য ক্ষেত্রেও ব্যবহৃত হতে পারে কিন্তু প্রতিটি সর্বনাম এই নয়টির যে কোন একটি মূল দ্বারা গঠিত হয়। এই নয়টি মূলকে তিনটি শ্রেণীতে ফেলা যায়, প্রথম পুরুষের ও দ্বিতীয় পুরুষের তিনটি এবং দ্বিতীয় পুরুষ (গৌরবার্থক) সর্বনাম মূল সমূহ।



| | | |
|---|---|---|
| am— | প্রথম পুরুষ ap···নিজন্ত | t— |
| | দ্বিতীয় পুরুষ গৌরব | |
| o— | দ্বিতীয় পুরুষ তুচ্ছ | e— |
| tom— | দ্বিতীয় পুরুষ সাধারণ | o— |
| | | k—প্রশ্নবোধক |

ঐ সর্বনামগুলিতে কর্তায়—i ব্যবহৃত হয় এবং যেগুলোর অন্ত্যধ্বনি ব্যঞ্জন, সেগুলোতে মূল এবং প্রত্যয়ের মাঝখানে একটি a প্রত্যয় যুক্ত হয়।

| | | |
|---|---|---|
| ami | tui | tumi |
| amar | tor | tomar |
| amake | toke | tomake |
| amate | tote | tomate |
| amate | | tomae |
| amra | tora | tomra |
| amader | toder | tomader |

নিম্নোক্ত তালিকায় অন্যান্য সর্বনাম রূপ মূলের পরিচয় পাওয়া যাবে।

| | | নিকটে | দূরে | চোখের আড়াল | আত্মীয় | প্রশ্নবোধক | অজ্ঞ |
|---|---|---|---|---|---|---|---|
| | | e | o | ʃ/t- | j | k | -o |
| অনির্দিষ্ট | -o | ækh -ono | | | | | kɔkhono |
| সময় | -khon | ækh -on | | tɔk-hon | jɔk-hon | kɔk-hon | |
| সময় | -be | æbe ibe | ɔbe | tɔbe | | kɔbe | |
| সময় | -ai | | | tai | jai | | |
| অনিশ্চিত | -o(d)i | | | | jodi | koi | |
| আচার | -no | æno | | tæno | jæno | kæ-no | |
| আচার | -mon | æm-on | ɔm-on | tæ-mon | jæ-mon | kæ-mon | |
| স্থানবাচক | -tha | (h) etha | … | tɔtha | jɔtha | koth-a | koth-ae |
| গুণবাচক | -to | æto | ɔto | jɔto | jɔto | kɔto kɔ | |
| গৌরবার্থক সর্বনাম | | ini | uni | tini | jini | kini | |
| ক্লীব সর্বনাম | | | | ta | ja- | ki | kic(h)u |
| বিশেষণ | | e | o | ʃe | je | kon | kono |
| সাধারণ সর্বনাম | | | | | | ke | keu |



পুণ্য শ্লোক রায় 'সর্বনাম' রূপের বর্ণনা নিম্নোক্তভাবে করেছেন, একটি পুরুষবাচক সর্বনাম (personal pronoun) একটি বাক্যাংশে (phrase) কেন্দ্রপূর্ব অংশের পরে ব্যবহৃত হতে পারে। বাংলার সর্বনামের লিঙ্গভেদ নেই।

ami এবং amra, কেবল কেন্দ্ররূপে ব্যবহৃত হতে পারে। amake সম্প্রদানের একবচন, amar সম্বন্ধের একবচন এবং amader সম্বন্ধের বা সম্প্রদানের বহুবচন, amate অধিকরণের একবচন।

amae̯ সম্প্রদানের বা অধিকরণের একবচন।

tui̯ এবং tora দুইটিই কেবল কেন্দ্ররূপে ব্যবহৃত হতে পারে। toke সম্প্রদানের একবচন, tor সম্বন্ধের একবচন। todor সম্বন্ধের বা সম্প্রদানের বহুবচন, tote অধিকরণের একবচন। tumi এবং tomra কেবল কেন্দ্ররূপে ব্যবহৃত হতে পারে। tomake সম্প্রদানের একবচন, tomar সম্বন্ধের একবচন। tomader সম্বন্ধের বা সম্প্রদানের বহুবচন, tomate সম্প্রদান বা অধিকরণের বহুবচন।

apni এবং apnara কেন্দ্র।

apnake সম্প্রদানের একবচন, apnar সম্বন্ধের একবচন।

apnader সম্প্রদান বা সম্বন্ধের বহুবচন, apnate অধিকরণের একবচন।

apnae সম্প্রদান বা অধিকরণের একবচন।

ini>ẽra, ẽke, ẽr, ẽder, ẽte।

uni>õra, õke, õr, õder, õte।

jini>jãra, jãke, jãr, jãder, jãte।

tini>tãra, tãke, tãr, tãder, tãte।

e>era, eke, er, eder, ete।

o>ora, oke, or, oder, ote।

je>jara, jar, jader, jate।

s̆e>tara, take, tar, tader, tate।
ke>kara, kake, kar, kader, kate।
keu̯>kau̯ke, karo ইত্যাদি।

## প্রতিপাদক ( Demonstratives )

e>ekhan, ekhane, ebar, edik, erɔkom, emni, æmon æto, ækhon।

o>okhan, okhane, obar, odik, orɔkom, omni, ɔmon ɔto।

je>ja, jekhan, jekhane, jebar, jedik, jerɔkom, jemni, jæmon, jɔto, jɔkhon।

s̆e>s̆eta, s̆ekhan, s̆ekhane, s̆ebar, s̆edik, s̆erɔkom, temni, tæmon, tɔto, tɔkhon।

ke>ki, konkhan, konkhane, konbar, kondik, konrɔkom, kirɔkom, kemni, kæmon, kɔto, kɔkhon, kotha, kothae̯।

## যৌগিক বিশেষ্য ( Compound nouns )

বাংলায় চার প্রকার যৌগিক বিশেষ্য হতে পারে।

প্রথম প্রকারের যৌগিক বিশেষ্য হল দুটি বিশেষ্যের যৌগিক রূপ যা সম্বন্ধের, যেমন baṛi-bhaṛa অর্থাৎ baṛir—bhaṛa, boiṭhok-khana ইত্যাদি।

দ্বিতীয় প্রকারের যৌগিক বিশেষ্য হল দুটি বিশেষ্যের যৌগিক রূপ যা o বা ar সংযুক্ত, যেমন haŋor-kumir, mɔs̆a-machi, haṭ-bazar, cear-ṭebil, ṭaka-koṛi, mach-maŋs̆o, ghoṭi-baṭi, aj-kal, ghi-nun, ইত্যাদি।



তৃতীয় প্রকারের যৌগিক বিশেষ্যে একটি বিশেষ্য মূল ( noun stem ) এবং প্রতিধ্বনিমূলক, কিন্তু স্বতন্ত্রভাবে অর্থহীন অপর একটি রূপ, অনুসরণকারী রূপটি অর্থহীন হলেও যৌগিক রূপটি প্রথম বিশেষ্যের অর্থ এবং ইত্যাদি ইত্যাদির ভাব প্রকাশক। এ সব যৌগিক বিশেষ্যে দ্বিতীয় উপাদানটির গঠন সাধারণত: প্রথম বিশেষ্যের ধ্বনিমূল সমূহ এবং b বা ṭ যোগে হয়, যথা—ranna-banna, ranna-ṭanna, cakor-bakor, cakor-ṭakor, kumir-ṭumir, bie-ṭie, am-ṭam, dud-ṭud, ইত্যাদি। এ ছাড়া এ শ্রেণীর অন্যান্য যৌগিক বিশেষ্যের উদাহরণ হল, khɔbor-s̆ɔbor, bujhe s̆ujhe, cas̆-bas̆, phɔl-mul, kagoj-pɔttor, chiṭhi-pɔttor, jinis̆-pɔttor, khata-pɔttor, khaoa-daoa, chele-pele, gach-pala, dɔr-dostur, kapoṛ-copoṛ, bip-od-apod, kɔtha-barta, dhon-doulot, jak-jɔmok।

চতুর্থ প্রকারের যৌগিক বিশেষ্য হল দ্বিরুক্তিমূলক, সাধারণত: একই বিশেষ্য দুবার উচ্চারিত অথবা একটি i প্রত্যয় যোগে উচ্চারিত, যেমন biṛ-biṛ, cɔk-cɔk, han-han, ṭik-ṭik, ṭɔk-ṭɔk, ṭɔs-ṭɔs, আবার jhum-jhumi, ṭɔkaṭɔk, pas̆a-pas̆i, hata-hati, chuṭo-chuṭi, taṛa-taṛi-ও হয়। এ ছাড়া kaṭh-kaṭhra, gac-gachra, raj-rajra ইত্যাদিও পাওয়া যায়।

## বিশেষণ ( Adjectives )

বাংলা বিশেষণের সংগঠন প্রায় বিশেষ্যের অনুরূপ, বিশেষত: মূল ( stem ) প্রসার ( extension ) এবং সাধিত অন্ত্যপ্রত্যয়ের ( derivational suffixes ) ক্ষেত্রে। তবে কিছু সাধিত অন্ত্য-প্রত্যয় কেবলমাত্র বিশেষণেই ব্যবহৃত হয়। তার মধ্যে /o/ /e/, এবং /i/, বিশেষ্য থেকে বিশেষণ এবং /onto / ক্রিয়া কেন্দ্র থেকে বিশেষণ গঠন করে থাকে।

**ɔ এর উদাহরণ**
haṭ>heṭo
ṭak>ṭeko
jɔl>jolo
kaṭ>keto

**e এর উদাহরণ**
paṛ>paṛe
uttor>uttore
begun>begune

**i এর উদাহরণ**
bhar>bhari
his̆ab>his̆abi
des̆>des̆i

onto **এর উদাহরণ**
jænto, cɔlonto, baṛonto, ghumonto ইত্যাদি।

## অব্যয় ও সহযোগী শব্দ

### ( Particles & auxiliary words )

যে সমস্ত রূপমূল পূর্বে আলোচিত রূপমূল শ্রেণী সমূহের কোন শ্রেণীর মধ্যে পড়ে না, তাদের পৃথকভাবে অব্যয় শ্রেণীর অন্তর্ভুক্ত করা যেতে পারে। এই রূপমূলগুলির একটি বিশেষ লক্ষণ হল কর্তায় এবং ক্রিয়ায় অন্ত্যপ্রত্যয়হীনতা, কিন্তু এগুলো বিশেষণও নয়। অনেকগুলো স্বাধীন শব্দরূপেও ব্যবহৃত হয় না, সেগুলো আদ্যপ্রত্যয় অথবা অন্ত্যপ্রত্যয়রূপে ব্যবহৃত হয়। এই রূপমূলগুলোকে চার শ্রেণীতে ভাগ করা যায়।



১। নিষেধার্থক রূপমূল n এবং যে সব শব্দে ঐ রূপ ব্যবহৃত হয়,
২। অব্যয় অন্ত্যপ্রত্যয় i, o, ge, এবং রূপমূল to,
৩। সংযোজক অব্যয় সমূহ ( conjunctions ),
৪। সম্বোধনাত্মক সংযোজক অব্যয় ( vocative interjections )।

বাংলায় নেতিবাচক দুইটি রূপমূল রয়েছে, ɔ এবং n, এই দুইটি যে মূল (stem)-এর সঙ্গে ব্যবহৃত হয়, তার অর্থ নেতিবাচক হয়ে যায়। দুটিই আদ্যপ্রত্যয় এবং পৌনঃপুনিকতা খুব বেশী নয়। ɔ কিছু বিশেষ্য ও বিশেষণের সঙ্গে এবং n না-বাচক অব্যয় এবং নিষেধার্থক ক্রিয়ার সঙ্গে ব্যবহৃত হয়।

na এবং ni শব্দ দুটি আদ্য প্রত্যয় n দ্বারা সংগঠিত। ni ঘটমান বর্তমান কালের, তুচ্ছার্থক অনুজ্ঞায় এবং পুরাঘটিত কালে (perfect tense এ) ব্যবহৃত হয়।

nei, nai, nɔe শব্দ সমূহও n প্রত্যয় দ্বারা গঠিত। n-এর অবস্থান এবং অর্থবোধকতা,

| রূপমূল | শব্দ | অর্থ |
|---|---|---|
| —a | na | না |
| —i | ni | হয়নি |
| —i | nei, nai, | নেই, নাই |
| —ɔ | noi, nɔe. noĕ, nɔo | আমি না, সে না |
| | nɔn, non, noile, | ইত্যাদি। |

na বিশেষ্যরূপে এবং সমাপিকা ক্রিয়া শেষে নেতিবাচক রূপে ব্যবহৃত হয়। যথা, nahɔe nahɔbe, nahole, jabona, hocchena, jabenna, koro na।

na এর পরিবর্তে সমাপিকা ক্রিয়া শেষে নেতিবাচক রূপে ne-ও ব্যবহৃত হতে পারে, যথা caina ~ caine।

ni-ও সমাপিকা ক্রিয়া শেষে নেতিবাচক রূপে ব্যবহৃত হতে পারে, যেমন, korini।

nei̯ হল ach এর বিপরীত, যেমন achen—nei̯।
nɔ একটি ক্রিয়ামূল (stem) এবং na অর্থে ব্যবহৃত, যথা nɔe̯ nɔš, noo̯, noe̯, nɔn, ইত্যাদি।

### নির্দেশাত্মক (Directives)

### পদান্বয়ী অব্যয় বা কারক অব্যয়

### বিশেষ্য কেন্দ্রে

ক। porjonto, proti, matro, namok.

সম্বন্ধে কেন্দ্রের পূর্বে,

খ। mɔto, mɔton, š̃ɔman, dorun, proti, dara (সম্বন্ধের সঙ্গে)।

সম্প্রদান বা অধিকরণে কেন্দ্র পূর্বে,

গ। chaṛa (সম্প্রদান বা অধিকরণের সঙ্গে)

### বিশেষ্যের কেন্দ্রে

(ক) সম্বন্ধে gocher,
(খ) অধিকরণে rupe, bhabe, š̃ɔmbondhe,
(গ) সম্বন্ধে বিশেষ্যের কেন্দ্র পূর্বে, name, khatire, jonne, sɔŋge, š̃ɔmbondhe.

### সংযোজক কেন্দ্র (Conjunctive verb nucleus)

(ক) কারকহীন কেন্দ্রের পূর্বে, hoe, bole, die, nie,
(খ) সম্বন্ধে কেন্দ্রের পূর্বে, theke, cee, ghẽše, die,
(গ) অধিকরণে কেন্দ্রের পূর্বে, kore.



### ভূতার্থ অসমাপিকা (Conditional)

para, korle partam,
cɔla, korle colbe
hɔo̯a, hole hɔe̯

সাতত্য (Durative)

eɔ/a, bɔša, pao̯a, cao̯a, thaka, deo̯a, neo̯a, hɔo̯a, ইত্যাদিও বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়।

ল্যবর্থ অসমাপিকা (Conjunctive)

jao̯a, khee jai̯
aša, cɔla, tola, oṭha, phæla, bɔša, dækha, dhækhano, ana, šara, pɔṛa, rakha, deo̯a, neo̯a, bæṛano, bãca, mɔra, roo̯a, thaka,

নাম বাচক (nominal)

bɔla, jacchi, bolechi,
janano, kɔra.

কেন্দ্র পূর্ব অংশ রূপে কর্তৃকারক (Caseless or nominative noun as prenucleus)

kɔra, hɔo̯a, jana, cena, dhɔra, deo̯a, mara, khao̯a, choṭa, paṛano, baša, bɔša, gala, paṛa.

বিশেষীকরণ (Specifiers)

nije, šɔb, šɔkol, ubhɔe̯, ɔnek, apnar, šɔbar, šɔbai̯,

জোরালো (Emphasizers)

রূপমূল i বহু শব্দের শেষে নিশ্চয়ই অর্থে ব্যবহৃত হয়। যেমন šɔb+i=sɔbi, ækhon+i=ekkhuni।

রূপমূল o যে কোন শব্দের শেষে ব্যবহৃত হতে পারে। যেমন ækhono, holeo.

রূপমূল to ও বিভিন্ন শব্দের শেষে ব্যবহৃত হয়। যথা, aŝchen to, tumio to, paren to, tomar to, ইত্যাদি।

রূপমূল ge ছয়টি অনুজ্ঞাসূচক রূপের যে কোন একটির সঙ্গে ব্যবহৃত হয়। যথা boŝige, kɔrge, kinunge, ইত্যাদি।

রূপমূল bɔte ও বিভিন্ন শব্দের সঙ্গে সমর্থন বা কিন্তু অর্থে ব্যবহৃত হয়, যথা– ŝotti bɔte, koreche bɔte.

রূপমূল boiki নিশ্চয়ই অর্থে বিভিন্ন শব্দের সঙ্গে ব্যবহৃত হয়, যেমন jabo boiki.

অন্যান্য রূপমূলের উদাহরণ হল,

ar, ba, hæ̃/hã, ki, kimba, kintu, na, naki, o, prae, re, he, oi, ogo ইত্যাদি।

**আদেশাত্মক ( Injunctives**

gie, ge.

**আহ্বানাত্মক ( Invocatives )**

go, re.

**নম্রক ( Moluators, )**

je, ki, na, ba, bole, bujhi,

**সংযোজক অব্যয় ( Connectives )**

ɔboŝŝo, ŝutoraŋ, tɔbe, kintu, nahole, ar, jato, pache, tai, tobu.

সীমিতকারক (Limitatives) বিশেষ্য বা ক্রিয়া বাক্যাংশে অব্যয়,

gutidui, ŝoa, ŝare, poune, kon, gota, guti.



**দ্বিরুক্তি ( Repetatives )**

ডক্টর মুহম্মদ এনামুল হক সাহেব 'ব্যাকরণ মঞ্জরী'তে বাংলা ভাষার একটি বৈশিষ্ট্য সম্পর্কে বিশেষ আলোচনা করেছেন, সে বৈশিষ্ট্য হল দ্বিরুক্তি। ডক্টর হকের ভাষায়, "বাংলা ভাষায় দেখা যায়, কোন কোন শব্দ, পদ এবং ধ্বনি যে-অর্থ প্রকাশ করে, তাহার চেয়ে পৃথক আরও কিছু ভাব প্রকাশ করিবার জন্য দুইবার করিয়া উচ্চারিত হয়... অতএব—শব্দ, পদ ও ধ্বনির পুনরুক্তি করিয়া তৎসংশ্লিষ্ট সূক্ষ্মাতিসূক্ষ্ম ভাব প্রকাশের ব্যবস্থা করার নাম দ্বিরুক্তি।..."

ডক্টর হক দ্বিরুক্তির মূল বৈশিষ্ট্য প্রসঙ্গে লিখেছেন যে, "বাংলা ভাষায় দ্বিরুক্তি যেমন ব্যাপক, ইঁহার বৈশিষ্ট্যও তেমনি মৌলিক। যে শব্দ, পদ বা ধ্বনিতে যে অর্থ প্রকাশ করে, সেই অর্থের তারতম্য ঘটাইবার উদ্দেশ্যেই শব্দ, পদ এবং ধ্বনির পুনরাবৃত্তি ঘটে। সুতরাং নানা অর্থ জ্ঞাপনই দ্বিরুক্তি বা দ্বিরাবৃত্তির একমাত্র মৌলিক বৈশিষ্ট্য।" ডক্টর এনামুল হক দ্বিরুক্তির বিস্তারিত উদাহরণও দিয়েছেন।

(ক) শব্দের দ্বিরুক্তি

বিশেষ্য শব্দ—বাড়ি-বাড়ি, বছর-বছর, বাটি-বাটি, বস্তা-বস্তা।
বিশেষণ ,, —ঘন-ঘন, ভুরি-ভুরি, বড়-বড়, ভাল-ভাল।
সর্বনাম ,, —যে-যে, যে-সে, এ-ও, কেহ-কেহ, যাহা-তাহা।
ক্রিয়া ,, —মরা-মরা, দেখতে-দেখতে, হেসে-হেসে, যায়-যায়।
অব্যয় ,, —আর-আর, ছি-ছি, ঝাঁ-ঝাঁ, হায়-হায়, হাঁ-হাঁ।

(খ) পদের দ্বিরুক্তি

বিশেষ্য পদ—ঘরে-ঘরে, গলায়-গলায়, গোলায়-গোলায়, চোরে-চোরে।
বিশেষণ ,, —ভালয়-ভালয়, বড়য়-ছোটয়, দাতায়-দাতায়।
সর্বনাম ,, —যার-যার, যার-তার, কাকে-কাকে।
ক্রিয়া ,, —বলি-বলি, বলে-কয়ে, হেসে-হেসে, কেঁদে-কেঁদে, যায়-যায়।

(গ) ধ্বনির দ্বিরুক্তি

| মূলধ্বনি | দ্বিরুক্ত ধ্বনি | অন্যান্য |
|---|---|---|
| ঠং | ঠং-ঠং | ঠঙাঠঙ, ঠংঠঙি |
| কচ্ | কচ্-কচ্ | কচাকচ্, কচ্‌কচি, কচাৎ |
| ধপ্ | ধপ্-ধপ্ | ধপাধপ্, ধপাৎ, ধপাস্ |

## সহায়ক-গ্রন্থপঞ্জী


Bernard Bloch and George L. Trager —Outline of Linguistic analysis

H, A. Gleason—An Introduction to Descriptive Linguistics

Benjamin Elson and Velma B. Picket —Beginning Morphology-Syntax

Charles A. Ferguson—The Phonology and Morphology of the Standard Colloquial Bengali

Eugene a. nida—Morphology, The Descriptive analysis of words.

Punya Sloka Roy—Bengali Language Hand Book.

ডক্টর মুহম্মদ এনামুল হক—ব্যাকরণ মঞ্জরী।